

অবশেষে মুক্তি পেল পপির সিনেমা 'ডাইরেক্ট অ্যাটাক'-পৃষ্ঠা-৩

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-৫ ঃ মেহেরপুর-শনিবার ১৮ অক্টোবর ২০২৫ ইং ঃ ২ কার্তিক ১৪৩২ বাংলা ঃ ২৫ রবি,সানি ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com

## জুলাই সনদে সই করলেন প্রধান উপদেষ্টা ও রাজনৈতিক নেতারা

সূর্যোদয় প্রতিবেদন

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস এবং বিএনপিজামায়াতসহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতারা আজ শুক্রবার বিকেল সোয়া পাঁচটার দিকে ঐতিহাসিক 'জুলাই জাতীয় সনদে' স্বাক্ষর করেছেন। জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় আয়োজিত এক অনুষ্ঠানে এ স্বাক্ষর অনুষ্ঠিত হয়। অনুষ্ঠান সূত্রে জানা গেছে, বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি), বাংলাদেশ জামায়াতে ইসলামী, গণঅধিকার পরিষদ, আমার বাংলাদেশ (এবি) পার্টি, গণসংহতি আন্দোলন ও নাগরিক ঐক্যের প্রতিনিধিরা এই সনদে স্বাক্ষর করেছেন। এর আগে বিকেল ৪টা ৩৭ মিনিটে জাতীয় সংগীত পরিবেশনের মাধ্যমে শুরু হয় জুলাই সনদ স্বাক্ষর অনুষ্ঠানের আনুষ্ঠানিকতা। প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূস সেখানে পৌঁছালে তাঁকে অভ্যর্থনা জানান উপদেষ্টা পরিষদের সদস্যরা, জাতীয় ঐকমত্য কমিশনের প্রতিনিধিরা এবং বিভিন্ন দেশের দূতাবাস ও হাইকমিশনের

২-এর পৃষ্ঠা দেখুন



# নলবোনার বিলে শাপলার মেলা

## প্রকৃতির সুধায় মাতোয়ারা গ্রামবাসী

নিজস্ব প্রতিবেদক,গাংনী

এ বছরের অতিবৃষ্টিতে মেহেরপুর জেলার গাংনী উপজেলার বামন্দী ইউনিয়নের নলবোনার বিল এখন যেন এক অপূর্ব জলরঙের ক্যানভাস। বিলজুড়ে ফুটে থাকা শাপলা ফুলের সাদা, লাল ও হালকা গোলাপি রঙে ভরে উঠেছে চারপাশ। দূর থেকে মনে হয়, সবুজ জলের বুকে ছড়িয়ে আছে রঙিন মখমল। শাপলার এই সৌন্দর্য দেখতে প্রতিদিন ভিড় করছেন আশপাশের গ্রামের মানুষ। কেউ ফুল তুলছেন, কেউবা মোবাইল ফোনে ছবি তুলে রাখছেন প্রকৃতির এই মায়াময় মুহূর্ত। সবচেয়ে বেশি উচ্ছ্বাস দেখা যাচ্ছে শিশু-কিশোরদের মধ্যে। কোমরসমান পানিতে নেমে তারা ফুল তুলছে, হাসছে, খেলছে ভুলে যাচ্ছে সাপের ভয়ও। স্থানীয় বাসিন্দারা জানান, সাধারণত এই বিলে শাপলার দেখা মেলে না। কিন্তু এ বছর প্রচুর বৃষ্টিপাতের ফলে বিলজুড়ে পানি বেড়ে গেছে, আর সেই পানিতে ফুটেছে অসংখ্য শাপলা। ফলে পুরো অঞ্চলটি যেন এক স্বপ্নিল সৌন্দর্যে ভরে উঠেছে। কিশোর কৌসিক আহমেদ

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে ফল বিপর্যয়ের নেপথ্যে

নিজস্ব প্রতিবেদক

দেশের নয়টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে এ বছরের এসএসসি পরীক্ষার ফলাফল সাম্প্রতিক বছরগুলোর মধ্যে সবচেয়ে খারাপের মধ্যে পড়েছে। মেহেরপুর জেলাতেও গড় পাসের হার কমেছে, জিপিএ-৫-এর সংখ্যা কমেছে এবং এমন শিক্ষাপ্রতিষ্ঠানও আছে যেখানে সব পরীক্ষার্থী ফেল করেছে। এবারের ফলাফলে শতভাগ পাস করা কোনো প্রতিষ্ঠান নেই। ফলাফল বিশ্লেষণে দেখা গেছে, মূলত কয়েকটি কারণে শিক্ষার্থীদের ফল খারাপ হয়েছে। প্রথমত, পরীক্ষার্থীরা গত পাঁচ বছরের শিক্ষাজীবনে করোনার কারণে নিয়মিত বিদ্যালয় ক্লাস পায়নি। দ্বিতীয়ত, গণিতে 'প্রশ্ন কঠিন' হওয়ায় পাসের হার কমেছে। তৃতীয়ত, এবার উত্তরপত্র মূল্যায়নে অন্যান্য বছরের তুলনায় 'কড়াকড়ি' বেশি ছিল। চতুর্থত, অনেক শিক্ষক শ্রেণীকক্ষে ক্লাস নেবার চেয়ে পাইভেট পড়ানোর দিকে বেশি মনোযোগী ছিল। বিশেষ করে এবারের এসএসসি পরীক্ষার্থীরা ষষ্ঠ থেকে দশম শ্রেণি পর্যন্ত প্রায় উল্লেখযোগ্য সময় বিদ্যালয়ে ক্লাস পায়নি। ২০২০ সালে ষষ্ঠ শ্রেণিতে ভর্তি হওয়া শিক্ষার্থীরা করোনার প্রথম দফায় ১৭ মার্চ থেকে ২০২১ সালের শেষ পর্যন্ত ছুটির মধ্যে পড়াশোনা করেছেন। ২০২২ সালের ২১ জানুয়ারি শিক্ষাপ্রতিষ্ঠান আবার বন্ধ থাকায় আরও একটি বিরতি এসেছে। এছাড়া রাজনৈতিক পটপরিবর্তনের কারণে ক্লাসে অনুপস্থিতি আরও বাড়িয়েছে শিক্ষার ঘাটতি। যশোর শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এইচএসসি



পরীক্ষায় মেহেরপুর জেলায় শ্রেষ্ঠত্ব ধরে রেখেছে গাংনী সন্ধানী স্কুল অ্যান্ড কলেজ। এই প্রতিষ্ঠানে মোট ১০৭ জন শিক্ষার্থী অংশ নিয়েছে, এর মধ্যে ২৩ জন জিপিএ-৫ অর্জন করেছে এবং ৯৭ জন উত্তীর্ণ হয়েছে। পাশের হার ৯৪ শতাংশ। অন্যদিকে জেলায় অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠানের পাশের হার নিম্নরূপ: মেহেরপুর সরকারি মহিলা কলেজ ৬১%, মেহেরপুর সরকারি কলেজ ৬০%, গাংনী পাইলট

২-এর পৃষ্ঠা দেখুন



## লালন সাঁই-এর ১৩৫তম তিরোধান দিবস পালণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে বাঙালি লোকসঙ্গীতের অমর সাধক লালন সাঁই-এর ১৩৫তম তিরোধান দিবস উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার রাতে জেলা প্রশাসনের উদ্যোগে জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে এ সাংস্কৃতিক আয়োজন করা

২-এর পৃষ্ঠা দেখুন

## প্রবাস ফেরতের আত্মহত্যাঃ তৃতীয় বিয়েতে বাধা

নিজস্ব প্রতিবেদক,গাংনী

মেহেরপুরের গাংনী উপজেলায় দুই স্ত্রী থাকা সত্ত্বেও তৃতীয় বিয়ে করার স্বপ্ন পূরণে ব্যর্থ হয়ে প্রবাস ফেরত আলমগীর হোসেন আত্মহত্যা করেছেন। বামন্দী-নিশিপুর গ্রামের নমাজ আলীর ছেলে আলমগীর শুক্রবার ভোরে নিজ ঘরের সিলিং ফ্যানের সঙ্গে ওড়না পেঁচিয়ে মারা যান। স্থানী-য়রা জানান, আলমগীর কয়েক বছর আগে কর্মের তাগিদে মালয়েশিয়ায় গিয়েছিলেন। তখন তিনি দুই স্ত্রী ও দুই সন্তানকে দেশে রেখে গিয়েছিলেন। সম্প্রতি দেশে ফিরে তিনি তৃতীয় বিয়ের ইচ্ছা প্রকাশ করেন। কিন্তু

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুর বিএনপির সাধারণ সম্পাদকের নেতৃত্বে গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের পুরাতন মদনাডাঙ্গা গ্রামে জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে। ০গতকাল শুক্রবার বিকেলে এ কর্মসূচি পরিচালিত হয়। গণসংযোগকালে অ্যাডভোকেট কামরুল হাসান গ্রামবাসীর হাতে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান

২-এর পৃষ্ঠা দেখুন

## ফিজি প্রবাসী মিঠুর লাশ দেশে ফিরানো অনিশ্চত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামের ফিজি প্রবাসী মোশাররফ হোসেনের মেজো ছেলে মিঠু বৃহস্পতিবার দিবাগত রাতে হৃদরোগে আক্রান্ত হয়ে ফিজিতে মারা গেছেন। মিঠু প্রায় আট বছর আগে পরিবারের সচ্ছলতার আশা নিয়ে ফিজিতে কাজ করতে গিয়েছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী ও দুই সন্তান রেখে গেছেন। পরিবারের বরাতে জানা গেছে, কর্মরত অবস্থায় হঠাৎ অসুস্থ হয়ে পড়েন মিঠু। হাসপাতালে নেওয়ার আগেই তার মৃত্যু হয়। ফিজিতে বাংলাদেশের কোনো দূতাবাস না

২-এর পৃষ্ঠা দেখুন




## জীবননগরের জোড়া হত্যা মামলার দুই আসামি ঢাকায় গ্রেফতার

নিজস্ব প্রতিবেদক

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার আলোচিত জোড়া হত্যা মামলার এজাহারভুক্ত দুই আসামিকে ঢাকার গাবতলী এলাকা থেকে গ্রেফতার করেছে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)। র‍্যাব-১২ এর ক্রাইম প্রিভেনশন কোম্পানি-৩ (সিপিসি-৩), মেহেরপুর ও র‍্যাব-৪ এর সদর

২-এর পৃষ্ঠা দেখুন



## মুজিবনগরে আমিরুল ইসলামের গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগরে ধানের শীষের পক্ষে গণসংযোগ ও পথসভা করেছেন উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম। গতকাল শুক্রার বিকেলে মুজিবনগর উপজেলার বিদ্যাধরপুর এ গণসংযোগ ও পথসভা অনুষ্ঠিত হয়। এসময় আমিরুল ইসলাম বিএনপির ৩১ দফা তুলে ধরে লিফলেট বিতরণ করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক হারুন অর রশিদ, যুগ্ম সম্পাদক মানজারুল ইসলাম ও সাইফুল ইসলাম,

২-এর পৃষ্ঠা দেখুন

## জুলাই সনদ জাতীয় দলিল হিসেবে তৈরি হয়েছেঃ আলী রীয়াজ

সূর্যোদয় প্রতিবেদন

জুলাই সনদ এখন কেবল একটি রাজনৈতিক সমঝোতা নয়, এটি বাংলাদেশের জাতীয় দলিল হিসেবে তৈরি হয়েছে বলে মন্তব্য করেছেন জাতীয় ঐকমত্য কমিশনের সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজ। শুক্রবার (১৭ অক্টোবর) বিকেলে রাজধানীতে অনুষ্ঠিত জুলাই সনদ স্বাক্ষর অনুষ্ঠানে তিনি এ মন্তব্য করেন। অধ্যাপক আলী রীয়াজ বলেন, 'জুলাই সনদ জাতীয় দলিল হিসেবে তৈরি হয়েছে। এর বাস্তবায়ন দ্রুততার সঙ্গে ঘটবে। নাগরিকদের মতামতের মধ্য দিয়ে এই দিকনির্দেশনা ভবিষ্যতের বাংলাদেশ রাষ্ট্রকে পরিচালনা করবে।' তিনি আরও বলেন, বাংলাদেশের মানুষের

২-এর পৃষ্ঠা দেখুন



## 'জুলাই যোদ্ধাদের' সঙ্গে পুলিশের ধাওয়া-পাল্টা ধাওয়া

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় 'জুলাই সনদ' স্বাক্ষর অনুষ্ঠানের মঞ্চের সামনে অবস্থান নেওয়া 'জুলাই যোদ্ধাদের' সরিয়ে দিয়েছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। এতে ক্ষুব্ধ হয়ে আন্দোলনকারীরা সংসদ ভবন এলাকা থেকে বেরিয়ে মানিক মিয়া অ্যাভিনিউয়ে পুলিশ ও বিভিন্ন সরকারি বাহনের ওপর হামলা চালায় এবং গাড়ি ভাঙচুর করে। পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ টিয়ারশেল, সাউন্ড গ্রেনেড নিক্ষেপ ও

২-এর পৃষ্ঠা দেখুন

# জুলাই সনদে যা আছে

সূর্যোদয় প্রতিবেদন

গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা, জনগণের অধিকার পুনরুদ্ধার ও রাষ্ট্রীয় সংস্কারের প্রতিশ্রুতি নিয়ে ঐতিহাসিক 'জুলাই জাতীয় সনদ ২০২৫'-এ স্বাক্ষর করেছে দেশের ২৫টি রাজনৈতিক দল। শুক্রবার (১৭ অক্টোবর) বিকেলে জাতীয় সংসদের দক্ষিণ প্লাজায় আয়োজিত এক অনুষ্ঠানে এ সনদে স্বাক্ষর করেন তারা। জাতীয় ঐকমত্য কমিশনের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে স্বাক্ষরকারী দলগুলোর পক্ষ থেকে সাত দফা অঙ্গীকার ঘোষণা করা হয়। এতে ২০২৪ সালের জুলাই-আগস্টের গণঅভ্যুত্থানকে বাংলাদেশের গণতান্ত্রিক ইতিহাসের মাইলফলক হিসেবে স্বীকৃতি দেওয়া হয়। জুলাই সনদের অঙ্গীকারনামায় কী আছে তা পাঠকদের জন্য তুলে ধরা হলো- জুলাই জাতীয় সনদ-২০২৫ বাস্তবায়নের অঙ্গীকারনামা। গণতান্ত্রিক মূল্যবোধ এবং জাতীয় ঐকমত্যের ভিত্তিতে ২০২৪ সালের জুলাই গণঅভ্যুত্থানে প্রকাশিত জনগণের ইচ্ছাকে প্রাধান্য দিয়ে আমরা নিম্নস্বাক্ষরকারীগণ এই মর্মে অঙ্গীকার ও ঘোষণা করছি যে- ১। জনগণের অধিকার ফিরে পাওয়া এবং গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠার সুদীর্ঘ আন্দোলন-সংগ্রামের ধারাবাহিকতায় ২০২৪ সালের জুলাই-আগস্টের গণঅভ্যুত্থানে হাজারো মানুষের জীবন ও রক্তদান এবং অগণিত মানুষের সীমাহীন ক্ষয়ক্ষতি ও ত্যাগ-তিতিক্ষার বিনিময়ে অর্জিত সুযোগ এবং তৎপ্রেক্ষিতে জন-আকাঙ্ক্ষার

২-এর পৃষ্ঠা দেখুন

**মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ**

প্রোঃ মোঃ আলতাফ হোসেন

এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।

পরিবেশক
- কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
- আর এফ এল
- আকিজ সিরামিক

কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১

অনুবাক্য
মামুনুর রশিদ মামুন
খবর{ মেহেরপুরে
এইচএসসিতে
পাশের হার তলানিতে}

সারা বছর পড়বি না তুই
টো টো করে ঘুরবি
বছর শেষে পরীক্ষা দিয়ে
কি করে পাশ করবি।
?বাবা থাকে বিদেশেতে
মায়ে কিনে দেয় বাইক
সন্ধ্যা নামলেই পড়া বাদে
বন্ধুর দলে বাইকে দেয় রাইট।
এখন আর সে যুগ নাই
না পড়েই হবি পাস
খাতায় তারা ভালোই লিখে
রেজাল্টের সময় বাঁশ।
কিছু প্রতিষ্ঠান শুন্য পারসেন
বলতে লজ্জা লাগে
শর্ত দিয়ে মাইনে বাড়াও
তারাই আবার আন্দোলনের
আগে ।




সু- খবর সু- খবর সু- খবর

আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।

আমাদের কাছে পাচ্ছেন -
- অথেনটিক প্রোডাক্ট
- সেরা দাম
- নির্ভরযোগ্য সেবা

মোবাইল স্টেশন

তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।

আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক,মেহেরপুর

হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১

আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।

বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইলবিক্রি করিনা।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ শনিবার ॥ ২ কার্তিক ১৪৩২ বাংলা ॥ ১৮ অক্টোবর ২০২৫ইং

## মেহেরপুরে যাত্রা ও নাট্যচর্চায় নিভে যাচ্ছে শিল্পী ও শিল্পের প্রাণ



মুহম্মদ মহসীন

এক সময় রাতভর যাত্রার ঢোল-ঢাকের তালে মুখর থাকত মেহেরপুরের গ্রাম ও শহর। নাট্যচর্চা ছিল বিনোদনের অন্যতম বড় ক্ষেত্র। এখন সেই মঞ্চে আর আলো জ্বলে না, দর্শক নেই, নেই সেই উৎসবের আবহ। ধীরে ধীরে হারিয়ে যাচ্ছে এক ঐতিহ্যবাহী লোকজ সংস্কৃতি যাত্রা ও নাট্যচর্চা।

মেহেরপুরের শহর-গ্রাম জুড়ে এক সময় যাত্রাপালা শুরু হলেই চারদিক থেকে ছুটে আসত মানুষ। রাতভর চলত গান, সংলাপ, নাচ ও হাস্যরসের আসর। নাচমহল, আজকে বাবার ফাঁসির দিন, বাগদত্তা ঝাড়ুদার, ঈশ্বরের চোখে জল, রক্ত দিয়ে কিনলাম প্রতিমা, বিসর্জন, নাচ ঘরের কান্না, চল পয়সা ও জীবন নদীর তীরেড় এসব জনপ্রিয় যাত্রাপালায় দর্শক কখনও হাসিতে ভেসেছেন, কখনও চোখের পানি ফেলেছেন। কিন্তু আজ সেই যাত্রাপালা যেন স্মৃতির পাতায় ঠাঁই নিয়েছে। মঞ্চ খালি, শিল্পীরা অনেকেই বয়স্ক বা অসুস্থ, নতুন শিল্পী তৈরি হচ্ছে না। স্থানীয়ভাবে জানা গেছে, মেহেরপুরে এখন আর নতুন প্রজন্ম যাত্রা বা নাট্যচর্চার দিকে ঝুঁকছে না। দর্শক না থাকায় দল গঠন করাও কঠিন হয়ে পড়েছে। আর্থিক সংকট, সামাজিক আগ্রহের অভাব ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানগুলোর নিষ্ক্রিয়তা এই অবস্থার পেছনে বড় কারণ বলে মনে করছেন

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## মৌসুমি ফল আমড়াঃ হাড় ও দাঁতের সুরক্ষায় অনন্য

সূর্যোদয় প্রতিবেদক

বছরের এই সময়ে বাজারে টক-মিষ্টি স্বাদের আমড়া পাওয়া যায় প্রাচুর্যে। ছোট সবুজ ফলটি শুধু স্বাদেই নয়, পুষ্টিগুণেও অনন্য। এতে রয়েছে প্রচুর ভিটামিন 'সি', অ্যান্টি-অক্সিডেন্ট, ক্যালসিয়াম ও ফাইবার, যা শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা থেকে শুরু করে ত্বক, হজম এবং হাড়ের যত্নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। আমড়া হাড় ও দাঁত মজবুত করতে সাহায্য করে। এতে থাকা ক্যালসিয়াম ও ফসফরাস হাড়ের গঠন শক্ত রাখে এবং দাঁতের ক্ষয় রোধ করে। বিশেষ করে শিশু ও বয়স্কদের জন্য এটি খুবই উপকারী। গবেষণায় দেখা গেছে, নিয়মিত আমড়া খেলে শরীরের ক্যালসিয়াম শোষণ বাড়ে এবং হাড় ক্ষয় প্রতিরোধ হয়। এ ফলটি ত্বক ও চুলের জন্যও উপকারী। আমড়ার অ্যান্টি-অক্সিডেন্ট ও ভিটামিন 'সি' ত্বকের কোলাজেন উৎপাদনে সহায়তা করে, যা ত্বককে টানটান রাখে এবং বার্ধক্য বিলম্বিত করে। পাশাপাশি এটি ডায়াবেটিস ও ওজন নিয়ন্ত্রণে ভূমিকা রাখে, কারণ এতে ক্যালোরি কম এবং গ্লাইসেমিক ইনডেক্সও কম। হজমশক্তি বৃদ্ধিতেও আমড়া কার্যকর। এতে থাকা প্রাকৃতিক ফাইবার হজম প্রক্রিয়া সহজ করে ও কোষ্ঠকাঠিন্য প্রতিরোধে সাহায্য করে। তবে অতিরিক্ত নোনতা বা ঝাল আচার হিসেবে খাওয়ার চেয়ে কাঁচা বা টুকরো করে লবণ-মরিচ দিয়ে খাওয়া উত্তম।

৩-এর পৃষ্ঠা দেখুন



## রাকসু নির্বাচনে ২০টি পদে শিবির-সমর্থিত প্যানেলের নিরঙ্কুশ জয়

সূর্যোদয় প্রতিবেদন

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদ (রাকসু) নির্বাচনে শিবির-সমর্থিত সম্মিলিত শিক্ষার্থী জোট প্যানেল নিরঙ্কুশ জয় পেয়েছে। কেন্দ্রীয় ২৩টি পদের মধ্যে ভাইস-প্রেসিডেন্ট (ভিপি) ও সহকারী সাধারণ সম্পাদক (এজিএস) পদসহ ২০টি পদে জয় পেয়েছে শিবির-সমর্থিত প্রার্থীরা। শুক্রবার সকালে বিশ্ববিদ্যালয়ের কাজী নজরুল ইসলাম অডিটোরিয়ামে আনুষ্ঠানিকভাবে ফলাফল ঘোষণা করেন চিফ রিটার্নিং অফিসার অধ্যাপক সেতাউর রহমান। তিনি জানান, পুরো নির্বাচনের পরিবেশ ছিল "শান্তিপূর্ণ ও উল্লসিত।" ফলাফল অনুযায়ী, ভাইস-প্রেসিডেন্ট (ভিপি) পদে শিবির-সমর্থিত সম্মিলিত শিক্ষার্থী জোটের মোস্তাকুর রহমান জাহিদ জয়লাভ করেছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী ছিলেন ছাত্রদল-সমর্থিত 'ঐক্যবদ্ধ নতুন প্রজন্ম' প্যানেলের শেখ নুর উদ্দিন আবীর। সাধারণ সম্পাদক

৩-এর পৃষ্ঠা দেখুন

## এভাবে জুলাই সনদ স্বাক্ষর অর্থবহ হবে কি না, প্রশ্ন মঈন খানের

সূর্যোদয় প্রতিবেদন

জুলাই সনদ স্বাক্ষর অনুষ্ঠান ঘিরে উদ্ভূত পরিস্থিতিকে 'সম্পূর্ণ অনভিপ্রেত' হিসেবে উল্লেখ করেছেন বিএনপির জাতীয় স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খান। সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, "আমাকে যদি আজকের প্রেক্ষাপটে প্রশ্ন করেন, তাহলে বলতে হবে, আমি এ মুহূর্তের সৃষ্ট পরিস্থিতিকে সম্পূর্ণ অনভিপ্রেত মনে করছি। হতে পারে অনেকেই এই জুলাই দলিল সম্পর্কে একমত নন, কিন্তু সেটা বড় কথা নয়। বাংলাদেশের ১৮ কোটি মানুষ সবকিছুর সঙ্গে হঠাৎ একমত হবে, এটা কোনো বাস্তবতা নয়। সত্যি কথা বলতে গেলে, তাহলে তো আমরা আবার বাকশালেই ফিরে যাব।" ড. মঈন খান আরও বলেন, "মূল বিবেচ্য বিষয় হলোড় জুলাইয়ের যারা অগ্রসেনানী, তাদের ব্যতিরেকে বাংলাদেশে

৩-এর পৃষ্ঠা দেখুন



## দেবীপুরে সড়কেই মরিচের বাজার ভোগান্তিত এলাকাবাসী

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দী ইউনিয়নের দেবীপুর বাজারে সড়কেই চলছে মরিচ কেনাবেচা। আশপাশের বিভিন্ন গ্রাম থেকে চাষিরা মরিচ নিয়ে আসেন এই বাজারে। আগে এ বাজার বসত দেবীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠে, কিন্তু মাঠে প্রাচীর দেওয়ায় এখন তাঁরা আর স্কুলের ভেতরে বসতে পারেন না। স্থানীয় ও পথচারীরা অভিযোগ করে বলেন, দেবীপুর বাজারে মরিচ কেনাবেচার জন্য নির্ধারিত জায়গা থাকা সত্ত্বেও ব্যবসায়ীরা সড়কের ওপর এসে বসছেন। এতে সড়কে চলাচলে দুর্ভোগ ও দুর্ঘটনার আশঙ্কা তৈরি হচ্ছে। পথচারী আলিমুদ্দিন

৩-এর পৃষ্ঠা দেখুন

## পাচারকৃত অর্থ ফেরাতে ও অর্থনৈতিক সংস্কারে আন্তর্জাতিক সহযোগিতা চায় বাংলাদেশ

সূর্যোদয় প্রতিবেদন

বিশ্বব্যাংক ও আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ)-এর বার্ষিক সভার সাইডলাইনে একাধিক বৈঠকে বাংলাদেশ পাচারকৃত অর্থ ফেরানো ও অর্থনৈতিক সংস্কার কার্যক্রমে আন্তর্জাতিক সহযোগিতা চেয়েছে। পাশাপাশি দেশের জলবায়ুর নেতিবাচক প্রভাব মোকাবিলায় অতিরিক্ত তহবিল বরাদ্দের প্রস্তাব দিয়েছে বাংলাদেশ প্রতিনিধিদল। বাংলাদেশের পক্ষ থেকে স্পষ্টভাবে জানানো হয়েছে, দেশের স্বার্থবিরোধী কোনো শর্তে আর বৈদেশিক ঋণ গ্রহণ করা হবে না। পূর্ববর্তী সরকারের সময়ে সৃষ্ট বৈদেশিক মুদ্রার সংকট সফলভাবে মোকাবিলা করে বর্তমানে রিজার্ভের স্থিতিশীলতা ফিরিয়ে আনা সম্ভব হয়েছে এবং বাজারে ডলারের জোগানও বৃদ্ধি পেয়েছে। বাংলাদেশের প্রতিনিধি দলে ছিলেন অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ, যিনি পুরো বৈঠকে নেতৃত্ব দিয়েছেন। দলের অন্যান্য সদস্যদের মধ্যে ছিলেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর, অর্থ সচিবসহ সরকারের ঊর্ধ্বতন কর্মকর্তারা। মার্কিন সময় মঙ্গলবার আইএমএফের সঙ্গে বৈঠকে চলমান ঋণ কর্মসূচির অগ্রগতি ও ভবিষ্যৎ সহযোগিতা নিয়ে আলোচনা হয়। বাংলাদেশ প্রতিনিধি দল জলবায়ু ক্ষতির জন্য বাড়তি অর্থ বরাদ্দের অনুরোধ জানিয়েছে এবং শর্ত শিথিল রাখার আহ্বান জানিয়েছে। আইএমএফ বাংলাদেশের রাজস্ব আহরণ বাড়ানো, সরকারি ঋণ গ্রহণে সুদের হার বাজারের সঙ্গে সমন্বয় করা এবং জ্বালানি উপকরণের দাম আন্তর্জাতিক বাজারের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ করার পরামর্শ দিয়েছে। এই বিষয়ে আগামী ২৯ অক্টোবর ঢাকায়

৩-এর পৃষ্ঠা দেখুন



## বাংলাদেশকে ১০ উইকেটে হারিয়ে সেমিফাইনালে অস্ট্রেলিয়া

সূর্যোদয় প্রতিবেদন

আইসিসি নারী বিশ্বকাপে সাতবারের চ্যাম্পিয়ন অস্ট্রেলিয়া বাংলাদেশের বিরুদ্ধে সহজ জয় তুলে নিল। আলিশা হেলির ৭৭ বলে অপরাজিত ১১৩ রানের দারুণ ইনিংসে অস্ট্রেলিয়া ১০ উইকেটে জয় পায়। ওপেনার ফবি লিচিফিল্ডও ৭২ বলে ৮৪ রান করেন। ম্যাচসেরা

৩-এর পৃষ্ঠা দেখুন

## মিরপুরের উইকেট নিয়ে বিস্ময়ে স্যামি

সূর্যোদয় প্রতিবেদন

সাদা বলের সিরিজ খেলতে বাংলাদেশে এসেছে ওয়েস্ট ইন্ডিজ দল। সিরিজের প্রথম ওয়ানডে আগামীকাল মুখোমুখি হবে দুই দলের। এর আগে আজ দুই দলই শেষ প্রস্তুতি সম্পন্ন করেছে। প্রস্তুতি সেশনের পর ক্যারিবিয়ান দলের কোচ ড্যারেন স্যামি সংবাদ সম্মেলনে উইকেটের ওপর নিজের মতামত ব্যক্ত করেন। স্যামি মিরপুরের উইকেট সম্পর্কে বলেন, "দেখুন অধিনায়ক এখনো উইকেট দেখেনি, কিন্তু আমি দেখেছি। জানি না, ঠিকভাবে ফুটিয়ে তুলতে পারব কিন্য তবে এমন কিছু আগে কখনও দেখিনি। তবে আমরা সবাই জানি উপমহাদেশে

৩-এর পৃষ্ঠা দেখুন



## ভারতে মানবপাচারের অভিযোগে বাংলাদেশি ট্রান্সজেন্ডার গ্রেফতার

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের মুম্বাই পুলিশ মানবপাচারের অভিযোগে এক বাংলাদেশি ট্রান্সজেন্ডার নারীকে গ্রেফতার করেছে। 'গুরু মা' নামে পরিচিত ওই নারী দীর্ঘ ৩০ বছর ধরে জাল কাগজপত্র ব্যবহার করে ভারতে বসবাস করছিলেন বলে জানিয়েছে পুলিশ। ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভি জানায়, গ্রেফতার হওয়া ব্যক্তির নাম বাবু আয়ান খান ওরফে জ্যোতি, যিনি নিজেকে 'গুরু মা' নামে পরিচয় দিতেন। তার বিরুদ্ধে অভিযোগড়

৩-এর পৃষ্ঠা দেখুন

## রাশিয়ার তেল কেনা বন্ধ নিয়ে দিল্লির ব্যাখ্যা

সূর্যোদয় প্রতিবেদন

ভারত রাশিয়ার কাছ থেকে তেল কেনা বন্ধ করতে যাচ্ছে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের এমন দাবির পর বিষয়টি নিয়ে ব্যাখ্যা দিয়েছে নয়াদিল্লি। ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, এ বিষয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও ট্রাম্পের মধ্যে কোনও ধরনের ফোনালাপ হয়নি। বুধবার হোয়াইট হাউসে দেওয়া এক বক্তব্যে ট্রাম্প বলেন, রাশিয়া থেকে তেল না কেনার ব্যাপারে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি তাঁকে আশ্বস্ত করেছেন। তাঁর দাবি, ভারতের সঙ্গে তাঁর আলাপ হয়েছে এবং দেশটি শিগগিরই

৩-এর পৃষ্ঠা দেখুন

✨ জামান বস্ত্রালয় ✨

আপনার আস্থার পোশাকের ঠিকানা

- সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
- জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
- সালোয়ার-কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
- ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
- ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা

একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!

ঠিকানা: বড়বাজার, মেহেরপুর

যোগাযোগ: 01718 552784, 01673 980044

প্রযুক্তি

## চাকরির বাইরে স্বাধীন আয়ের সুযোগ

সূর্যোদয় প্রতিবেদন

বর্তমান সময়টা ডিজিটাল প্রযুক্তিনির্ভর। এখন আর ঘরে বসে থাকা মানে কর্মহীন থাকা নয়। হাতে একটি স্মার্টফোন আর ইন্টারনেট থাকলেই ঘরে বসে আয় করা সম্ভব ফ্রিল্যান্সিংয়ের মাধ্যমে। ফ্রিল্যান্সিং শব্দের অর্থ মুক্তপেশা। অর্থাৎ, অফিসে চাকরি না করেও অনলাইনে বিশ্বের যেকোনো প্রান্তের ক্লায়েন্টের কাজ করে পারিশ্রমিক পাওয়া যায়। এটি এমন এক স্বাধীন পেশা, যেখানে সময় ও জায়গার স্বাধীনতা থাকে। ইন্টারনেটের প্রসারের সঙ্গে নব্বইয়ের দশকে ফ্রিল্যান্সিংয়ের সূচনা। বর্তমানে এটি বিশ্বের অন্যতম বৃহৎ কর্মক্ষেত্র। ২০২৩ সালে ফ্রিল্যান্সারদের মোট আয় ছিল প্রায় ৪.৯২ বিলিয়ন ডলার। বাংলাদেশে এখন সাড়ে ৬ লাখের বেশি সক্রিয় ফ্রিল্যান্সার রয়েছে, যা বৈশ্বিকভাবে অষ্টম অবস্থানে। আগে ফ্রিল্যান্সিংয়ের জন্য ল্যাপটপের প্রয়োজন হতো, এখন স্মার্টফোনই যথেষ্ট। বড় স্ক্রিন, ভালো প্রসেসর ও পর্যাপ্ত স্টোরেজ থাকলেই কাজ করা সহজ। কনটেন্ট রাইটিং, গ্রাফিক্স ডিজাইন, সোশ্যাল মিডিয়া




৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক

ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব

মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।

পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা

সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

নিয়মিত রোগী দেখেন

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অস্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা।
(শুক্রবার ব্যাতিত)

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্তিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়েবেটিক রোগ বিশেষজ্ঞ



ডা: মো: শাহিনুর রশিদ

এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।

চিকিৎসা সেবা সমূহ

• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেষ্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।

নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।

রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

দিন রাত মানবিক সেবার নিশ্চয়তা

কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব

মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে (আসিফ প্লাজা ২ য় তলা)

সিরিয়ালের জন্য : ০১৭৫৭-৮২৮২৭৮

ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল



এমবিবিএস,বিসিএস(স্বাস্থ্য) এফ.সি.পি.এস (ইউরোলজি),এম.স (ইউরোলজি)বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন

কিডনী, মুত্রথলী, মুত্রনালী, প্রোস্টেট গ্রান্থি, অন্ডেকোষ, পুরুষ প্রজাননতন্ত্র ও ফিমেল ইরোলজি বিশেষজ্ঞ ও সার্জন।

রোগী দেখোর সময় : দুপুর ২ টা হতে রাত ৮ টা

শনি ও রবিবার

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

## মৌসুমি ফল আমড়া: হাড় ও দাঁতের

(শেষ পৃষ্টার পর)

গ্যাস্ট্রিক বা আলসার রোগীদের ক্ষেত্রে পরিমিত পরিমাণে খাওয়া উচিত। স্বাদে টক, গুণে ভরপুর আমড়া শুধু মৌসুমি ফল নয় এটি প্রকৃতির এক সহজলভ্য পুষ্টির ভাণ্ডার।

## মেহেরপুরে যাত্রা ও নাট্যচর্চায় নিভে

(শেষ পৃষ্টার পর)

নাট্যকর্মীরা। তবুও কেউ কেউ শখের বসে এই ঐতিহ্য টিকিয়ে রাখতে সংগ্রাম চালিয়ে যাচ্ছেন। এর মধ্যে রয়েছে- প্রান্তিক নাট্যগোষ্ঠী মেহেরপুর (পরিচালনায় আসাদুজ্জামান লালটু), সৌখিন নাট্যগোষ্ঠী উজলপুর (পরিচালনায় অহিদুল ইসলাম), রায়পুর জাগরণী ক্লাব (পরিচালনায় মো. হায়দার আলী), আমঝুপি একতা ক্লাব (পরিচালনায় অধ্যাপক সাইদুর রহমান), বেড় পাড়া কচিকাচা নাট্যগোষ্ঠী (পরিচালনায় তমিজ উদ্দিন), নাট্য রাজ গ্রুপ থিয়েটার (পরিচালনায় মনিরুজ্জামান), গোভীপুর কোহিনুর নাট্যগোষ্ঠী (পরিচালনায় আলী রেজা বিদু), ১৩ ঘরিয়া যুব উন্নয়ন ক্লাব (পরিচালনায় মো. ওবায়দুর রহমান)।

এই সংগঠনগুলোর শিল্পীরা কোনো আর্থিক সহায়তা না পেয়েও নিজেদের খেয়ে না খেয়ে মঞ্চ ধরে রাখার চেষ্টা করছেন। আসাদুজ্জামান লালটু, জলিল, খাইবার, কামাল, আওলাদ, শাহাদত, মৃত্যুঞ্জয়, হাসি, শক্তি, মুক্তি, বিলকিস তাঁদের মতো অনেকেই এখনো স্বপ্ন দেখেন হারিয়ে যাওয়া মঞ্চ আবার উঠে দাঁড়াবে। স্থানীয় সংস্কৃতি অনুরাগীদের অভিযোগ, মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমি যেটি সংস্কৃতি ও লোকজ ঐতিহ্যের অভিভাবক হিসেবে দায়িত্ব পালন করার কথা, বিগত বহু বছর কার্যত নিষ্ক্রিয়। প্রতিবছর সরকারি বরাদ্দ থাকলেও সেটির সঠিক ব্যবহার হচ্ছে না বলে অভিযোগ রয়েছে। বরাদ্দের অর্থ সাংস্কৃতিক কর্মকাণ্ডের পরিবর্তে প্রশাসনিক খাতে ব্যয় দেখানো হচ্ছে বলেও অভিযোগ করছেন অনেকে।

এ ছাড়া প্রতিষ্ঠানটির সদস্য নির্বাচনে অনিয়মের অভিযোগও আছে। প্রকৃত সাংস্কৃতিক কর্মীদের বাদ দিয়ে অসংস্কৃতিক ব্যক্তিদের সদস্য করা হওয়ায় নাট্যকর্মীরা উৎসাহ হারিয়ে ফেলছেন বলে দাবি তাঁদের। প্রান্তিক নাট্যগোষ্ঠীর পরিচালক ও অভিনেতা আসাদুজ্জামান লালটু বলেন, “শখের বসে যাত্রা গোষ্ঠী চালিয়ে যাচ্ছি। কোনো প্রতিষ্ঠানের সহযোগিতা নেই। যারা এখনও যাত্রাপালা করে যাচ্ছেন, তারা অনেকেই বয়স্ক ও অসুস্থ। অথচ সরকারি বা বেসরকারি কোনো সহায়তা মেলে না।” তিনি আরও বলেন, “একসময় মেহেরপুরের প্রতিটি গ্রামে নাট্যচর্চা ছিলউৎসব তরুণদের আগ্রহ কমেছে, দর্শক নেই, পৃষ্ঠপোষক নেই। ফলে এ ঐতিহ্য ধীরে ধীরে নিভে যাচ্ছে।”

যাত্রা ও নাট্যচর্চা শুধু বিনোদন নয়,এ ছিল গ্রামীণ মানুষের সামাজিক বন্ধন ও নৈতিক শিক্ষা ছড়িয়ে দেওয়ার মাধ্যম। এই ঐতিহ্য হারিয়ে গেলে হারাবে এক গুরুত্বপূর্ণ সাংস্কৃতিক ধারা। সংস্কৃতি কর্মীরা বলছেন, এখনই যদি উদ্যোগ না নেওয়া হয়, তবে আগামী প্রজন্ম হয়তো জানবেই না এই জেলার গ্রামেগঞ্জে রাতভর গান-অভিনয়ে মুখর থাকত মেহেরপুরের মঞ্চগুলো।

## রাকসু নির্বাচনে ২০টি পদে শিবির-

(শেষ পৃষ্টার পর)

(জিএস) পদে জয় পেয়েছেন 'আধিপত্যবিরোধী ঐক্য' প্যানেলের সালাহউদ্দিন আম্মার। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী ছিলেন শিবির-সমর্থিত প্যানেলের ফাহিম রেজা। দুজনই পূর্বে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সক্রিয় কর্মী ছিলেন। সহকারী সাধারণ সম্পাদক (এজিএস) পদে বিজয়ী হয়েছেন শিবির-সমর্থিত প্যানেলের এসএম সালমান সাব্বির। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী ছিলেন ছাত্রদল-সমর্থিত প্যানেলের জাহিন বিশ্বাস এষা। রাকসু নির্বাচনে মোট ভোটার ছিলেন ২৮ হাজার ৯০১ জন, যার মধ্যে ২০ হাজার ১৮৭ জন ভোট দিয়েছেন। এ বছর রাকসু নির্বাচনে মোট ৯০৩ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেছেন। এর মধ্যে কেন্দ্রীয় ২৩টি পদের জন্য ২৪৮ জন, ১৭টি হল সংসদের জন্য ৫৯৭ জন, এবং বিশ্ববিদ্যালয় সিনেটে পাঁচ ছাত্র প্রতিনিধি পদের জন্য ৫৮ জন প্রার্থী ছিলেন। কেন্দ্রীয় পর্যায়ে ভাইস-প্রেসিডেন্ট (ভিপি) পদে ১৮ জন, সাধারণ সম্পাদক (জিএস) পদে ১৩ জন, এবং সহকারী সাধারণ সম্পাদক (এজিএস) পদে ১৬ জন প্রার্থী লড়াই করেছেন। হল সংসদ নির্বাচনে ভাইস-প্রেসিডেন্ট পদে ৬১ জন, সাধারণ সম্পাদক পদে ৫৮ জন এবং সহকারী সাধারণ সম্পাদক পদে ৫৭ জন প্রতিদ্বন্দ্বিতা করেন। ছাত্রীদের ছয়টি আবাসিক হলে তিন পদে মোট ৪৭ জন প্রার্থী অংশ নেন।

## চাকরির বাইরে স্বাধীন আয়ের সুযোগ

(শেষ পৃষ্টার পর)

ম্যানেজমেন্ট, ভার্চুয়াল অ্যাসিস্ট্যান্ট ও বেসিক ওয়েব ডিজাইনের কাজ সহজে মোবাইলেই করা যায়। সফল হতে দরকার নিজের আগ্রহ অনুযায়ী স্কিল অর্জন করুন, অনলাইন কোর্সে শিখে পোর্টফোলিও তৈরি করুন। এরপর প্রোফাইল খুলে কাজ শুরু করুন। ফ্রিল্যান্সিংয়ের সবচেয়ে বড় সুবিধা হলো স্বাধীনতা,সময়, স্থান ও কাজের ধরনে। একাধিক ক্লায়েন্টের মাধ্যমে আয় বাড়ানো যায়, আর ব্যক্তিগত জীবনেও ভারসাম্য বজায় রাখা সম্ভব। ডিজিটাল যুগে দক্ষতা থাকলেই আয়ের পথ খোলা। হাতে থাকা স্মার্টফোনই হতে পারে আপনার প্রথম অফিস, আর ইন্টারনেট খুলে দিতে পারে বৈশ্বিক কর্মক্ষেত্রের দরজা।

## রাশিয়ার তেল কেনা বন্ধ নিয়ে দিল্লির

(শেষ পৃষ্টার পর)

রাশিয়া থেকে তেল কেনার প্রক্রিয়া বন্ধ করবে। তবে বৃহস্পতিবার সাপ্তাহিক ব্রিফিংয়ে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল ট্রাম্পের বক্তব্য সরাসরি নাকচ করে বলেন, “আমার জানা মতে, গতকাল (বুধবার) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের মধ্যে কোনও ফোনালাপ হয়নি।” জয়সওয়াল আরও জানান, যুক্তরাষ্ট্রের সঙ্গে ভারতের জ্বালানি সহযোগিতা নিয়ে আলোচনা চলমান। তবে তেল আমদানির সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে ভারত সব সময়ই নিজেদের জ্বালানি নিরাপত্তা ও ভোক্তার স্বার্থকে সর্বোচ্চ অগ্রাধিকার দেবে। টাইমস অব ইন্ডিয়ার প্রতিবেদনে বলা হয়েছে, সাংবাদিকরা যখন ট্রাম্পের দাবির বিষয়ে জানতে চান, তখনই রণধীর জয়সওয়াল মোদি- ট্রাম্প কথোপকথনের বিষয়টি অস্বীকার করেন। ইউক্রেন যুদ্ধ শুরুর পর থেকে রাশিয়ার তেলের অন্যতম বড় ক্রেতা হয়ে উঠেছে ভারত। পশ্চিমা নিষেধাজ্ঞার কারণে রাশিয়া তুলনা মূলক কম দামে তেল বিক্রি করছে, যা ভারতের জন্য লাভজনক। তবে যুক্তরাষ্ট্রের মতে, রাশিয়া এই তেল বিক্রির অর্থ ব্যবহার করছে ইউক্রেন যুদ্ধে ব্যয় মেটাতে। তাই ভারত, চীন ও জাপানকে রাশিয়ার তেল ও গ্যাস কেনা বন্ধে চাপ দিচ্ছে ট্রাম্প প্রশাসন। বিবিসির খবরে বলা হয়েছে, শুধু ভারত নয়, জাপানকেও রাশিয়া থেকে তেল ও গ্যাস আমদানি বন্ধ করার আহ্বান জানানো হয়েছে যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে। নয়াদিল্লির এই ব্যাখ্যার পর ট্রাম্পের মন্তব্য নিয়ে নতুন করে কূটনৈতিক তৎপরতা শুরু হয়েছে বলেই মনে করছেন বিশ্লেষকরা।

## ভারতে মানবপাচারের অভিযোগে

(শেষ পৃষ্টার পর)

তিনি অন্তত ২০০ জন বাংলাদেশিকে ভারতে পাচার করেছেন এবং তাদের মধ্যে অনেককেই জোরপূর্বক যৌনকর্মে বাধ্য করতেন। পুলিশ সূত্রে জানা গেছে, ‘গুরু মা’ মুম্বাইয়ে ট্রান্সজেন্ডারদের মধ্যে আধ্যাত্মিক নেত্রী হিসেবে নিজেকে প্রতিষ্ঠা করেছিলেন। শহরের বিভিন্ন এলাকায় তার প্রায় ৩০০ অনুসারী রয়েছে।

নিজেকে ভারতীয় নাগরিক প্রমাণ করতে তিনি ভুয়া জন্মনিবন্ধন সনদ, আধার কার্ড ও প্যান কার্ড তৈরি করেন। এসব কাগজ যাচাই করে জাল প্রমাণিত হওয়ার পর বৃহস্পতিবার (১৬ অক্টোবর) তাকে গ্রেফতার করে মুম্বাই পুলিশ। পুলিশ জানায়, ‘গুরু মা’র নেতৃত্বে পরিচালিত একটি পাচারচক্র বাংলাদেশের নাগরিকদের পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ সীমান্ত দিয়ে অবৈধভাবে ভারতে প্রবেশ করাতো। এরপর তাদের কলকাতায় কয়েকদিন রেখে সেখানে ভুয়া জন্মসনদ ও স্কুল ছাড়পত্র তৈরি করা হতো। পরবর্তীতে তাদের মুম্বাইয়ে পাঠিয়ে শিবাজি নগরসহ বিভিন্ন এলাকায় রাখা হতো। প্রতিটি ঘরে তিন থেকে চারজন করে থাকা অবস্থায় প্রত্যেককে মাসে ৫ থেকে ১০ হাজার রুপি পর্যন্ত ভাড়া দিতে হতো বলে জানিয়েছে পুলিশ। তদন্তে আরও বেরিয়ে এসেছে, ‘গুরু মা’ মহারাষ্ট্র হাউজিং অ্যান্ড এরিয়া ডেভেলপমেন্ট অথরিটির আওতাধীন সরকারি ফ্ল্যাট ও বস্তি দখল করে ভাড়া দিতেন। তিনি অন্তত ২০০টিরও বেশি বাড়ি দখল করে সেগুলো ভাড়া দিয়ে লাখ লাখ রুপি আয় করেছেন। মুম্বাই পুলিশ জানিয়েছে, জ্যোতির বিরুদ্ধে মানবপাচার, জাল কাগজপত্র তৈরি ও অবৈধ সম্পদ অর্জনের অভিযোগে একাধিক মামলা করা হয়েছে।

তদন্তকারীরা মনে করছেন, পাচার হওয়া মানুষের সংখ্যা ২০০ ছাড়িয়ে আরও বেশি হতে পারে।

## মিরপুরের উইকেট নিয়ে বিস্ময়ে

(শেষ পৃষ্টার পর)

কী ধরনের চ্যালেঞ্জ থাকে, বিশেষ করে ব্যাটারদের জন্য।” সংবাদ সম্মেলনের শেষের দিকে উইকেট বিষয়ে আরও জানতে চাইলে স্যামি বলেন, “জানি না, এটিকে কীভাবে বর্ণনা করব। তবে আমি যা বলতে পারি, আমরা উইকেটকে মাথায় ঢুকতে দেব না। যেখানেই যাই না কেন, আমাদের মন্ত্র একটাইপ্রদত্ত কন্ডিশন দ্রুত বোঝার চেষ্টা করতে হবে, এরপর সিদ্ধান্ত নিতে হবে কোন স্কিলসেট প্রয়োজন। তারপর নিজের ওপর আস্থা রাখতে হবে, আর নিজের খেলায় কিছু যোগ করার সুযোগ খুঁজে নিতে হবে।” বাংলাদেশে খেলার নিজের অভিজ্ঞতা স্মরণ করে স্যামি বলেন, “বাংলাদেশে আসা সবসময় আনন্দের। এখানে আমার ব্যক্তিগতভাবে দারুণ কিছু স্মৃতি আছে। তবে এবার ভিন্ন ভূমিকায় এসেছি। আশা করি, এখানে আমার খেলার অভিজ্ঞতা কাজে লাগবে।

## এভাবে জুলাই সনদ স্বাক্ষর অর্থবহ

(শেষ পৃষ্টার পর)

কোনো ‘জুলাই সনদ’ অর্থবহ হতে পারে কি না। এছাড়া প্রশ্ন উঠে, কেন কিছু মৌলিক বিষয়ে একমত হতে পারলাম না, কিংবা আলোচনার ক্যানভাস কেন হাজারো বিষয়ে উন্মুক্ত করা হলো।” তিনি আরও উল্লেখ করেন, “আরও প্রশ্ন উঠতে পারেড়্যাদের ওপর সমন্বয়ের গুরুদায়িত্ব দেওয়া হয়েছিল, তারা কি দায়িত্ব যথাযথভাবে পালন করেছেন? অন্তর্বর্তীকালীন সরকারের এই অনুশীলন কি আসলেই প্রয়োজন ছিল, নাকি স্বল্প সময়ে সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনের মাধ্যমে গঠিত জনপ্রতিনিধিত্বমূলক সরকারের হাতে দায়িত্ব হস্তান্তর করাই যুক্তিযুক্ত হত।”

## পাচারকৃত অর্থ ফেরাতে ও অর্থনৈতিক

(শেষ পৃষ্টার পর)

আইএমএফের মিশন এসে ঋণের ষষ্ঠ কিস্তি ছাড়ের শর্ত বাস্তবায়ন নিয়ে বিস্তারিত আলোচনা করবে। একই দিনে বিশ্বব্যাংকের সঙ্গে বৈঠকে বাংলাদেশ পাচার হওয়া অর্থ ফেরাতে কারিগরি সহায়তা চেয়েছে। বিশ্বব্যাংকের তত্ত্বাবধানে বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা ইতোমধ্যেই কিছু অর্থ শনাক্ত করেছে, তবে ফেরত আনার জন্য বাড়তি সহায়তা প্রয়োজন। গত জুলাই থেকে বিশ্বব্যাংক সহজ শর্তের নতুন ঋণ কর্মসূচি চালু করেছে, যার সুদের হার প্রচলিত ঋণের তুলনায় কম। এ কর্মসূচির আওতায় বাংলাদেশ অতিরিক্ত ঋণ সহযোগিতার আবেদন জানিয়েছে। এছাড়া, ওপেক ফান্ডের সঙ্গে বৈঠকে বাংলাদেশ জ্বালানি আমদানির জন্য ক্রেডিট লাইন বাড়ানোর অনুরোধ করেছে। দেশে জ্বালানি তেলের চাহিদা বৃদ্ধি পাওয়ায় আমদানি ব্যয়ও বেড়েছে।

## সেমিফাইনালে অস্ট্রেলিয়া

(শেষ পৃষ্টার পর)

নির্বাচিত হন অ্যালানা কিং, যিনি ১০ ওভারে মাত্র ১৮ রান খরচায় ২ উইকেট নেন। এই বড় জয়ের ফলে পাঁচ ম্যাচে ৯ পয়েন্ট নিয়ে সেমিফাইনালে জায়গা নিশ্চিত করলো বর্তমান চ্যাম্পিয়নরা। বাংলাদেশ অধিনায়ক নিগার সুলতানা টস জিতে প্রথমে ব্যাটিং করার সিদ্ধান্ত নেন। উদ্বোধনী জুটিতে রুবাইয়া হায়দার ও ফারজানা ৩২ রান যোগ করেন। নবম ওভারের শেষ বলে মেগ্যান স্কাট ফারজানাকে সাজঘরে পাঠান। এরপর রুবাইয়া ও শারমিন আক্তারের দ্বিতীয় জুটিতে ৪১ রান আসে। রুবাইয়া ৫৯ বলে ৪৪ রান করেন, ৮টি চারে সাজিয়ে তার ইনিংস। তবে নিগার, স্বর্ণা আক্তার ও রিতু মনিরা বড় জুটি গড়তে পারেননি।

## দেবীপুরে সড়কেই মরিচের বাজার

(শেষ পৃষ্টার পর)

বলেন, “দেবীপুরের মরিচের বাজার বেশ জনপ্রিয়। কিন্তু রাস্তায় হাট বসানোর কারণে মানুষ চরম ভোগান্তিতে পড়ছে। বাজার কর্তৃপক্ষ দ্রুত ব্যবস্থা না নিলে যেকোনো সময় বড় দুর্ঘটনা ঘটতে পারে।” ভ্যানচালক আজমাইন হোসেন বলেন, “বাজার বসলে যানজট লেগে যায়। যানবাহন নিয়ে চলাচল করতে খুব কষ্ট হয়।” অটোচালক স্বপন আলী বলেন, “নির্ধারিত জায়গা থাকা সত্ত্বেও রাস্তার ওপর মরিচের বাজার বসানো কোনোভাবেই ঠিক নয়। এটি দ্রুত বন্ধ করা দরকার।” স্থানীয়দের অভিযোগ, প্রশাসনের নজরদারির অভাবেই রাস্তার ওপর বাজার বসানো অব্যাহত রয়েছে। এতে দুর্ঘটনার ঝুঁকি বাড়ছে এবং মানুষের চলাচল বিঘ্নিত হচ্ছে। দেবীপুর হাট ইজারাদার সোহাগ হোসেন বলেন, “আমরা নির্দিষ্ট বাজারেই মরিচ ক্রয় করি। তবে কিছু ব্যবসায়ী মরিচ কেনার জন্য রাস্তায় চলে আসেন। তাদের নিয়ন্ত্রণে ব্যবস্থা নেওয়া হবে।” গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আনোয়ার হোসেন বলেন, “বিষয়টি আমরা গুরুত্বের সঙ্গে দেখছি। কোনো রাস্তার ওপর হাট বসাতে দেওয়া হবে না। জনদুর্ভোগ সৃষ্টি করলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।”

# অবশেষে মুক্তি পেল পপির সিনেমা ‘ডাইরেক্ট অ্যাটাক’

বিনোদন ডেস্ক

মুক্তি পেল চিত্রনায়িকা পপি অভিনীত বহুল প্রতীক্ষিত চলচ্চিত্র ‘ডাইরেক্ট অ্যাটাক’। শুক্রবার (১৭ অক্টোবর) সারা দেশে ৩০টি প্রেক্ষাগৃহে একযোগে দেখা যাচ্ছে সিনেমাটি।

এই সিনেমার কাজ শেষ করার পরই নিজেকে অভিনয়ের বাইরে নিয়ে যান নায়িকা। দীর্ঘদিন নিখোঁজ থাকার পর তার সন্ধান মিললেও তিনি আর অভিনয়ে ফিরবেন না বলে জানান। তাই সিনেমাটি হতে যাচ্ছে তার অভিনীত শেষ সিনেমা।

সাদেক সিদ্দিকীর পরিচালনায় নির্মিত এই সিনেমার প্রধান দুটি চরিত্রে অভিনয় করেছেন সাদিকা পারভিন পপি ও আমিন খান। বিভিন্ন চরিত্রে আরও আছেন শিরিন শিলা, মামনুন ইমন, আনিক রহমান অভি, রিপা, হেলাল খান, রেবেকা, আমির সিরজী ও সাগর সিদ্দিকীসহ আরও অনেকে।



**রাবেয়া মেডিকেল সার্ভিসেস**
(কমপ্লিট মেডিকেল সলিউশন অন জেনারেল হাসপাতাল গেট, মেহেরপুর।
যোগাযোগ : রিসিপশন: ০১৭৫৪৯৭৪৪৬৬ সিরিয়াল: ০১৭২৪-৭৮৭৩১৩,
মার্কেটিং অফিসার: ০১৩০৪-১০০৩০৭, ০১৩০৪-১০০৩০

| | |
|---|---|
| ডাঃ মোঃ আলাউদ্দিন আল-আজাদ<br>এমবিবিএস, ডি-অর্থো (সার্জারী)<br>কনসালটেন্ট অর্থোপেডিক, হাড় জোড়া, বাত ব্যথা, শিরারোগ বিশেষজ্ঞ। শনিবার থেকে বৃহস্পতিবার বিকেল ৪ টা থেকে সন্ধ্যা ৬.৩০ পর্যন্ত। | ডাঃ বিপুল কুমার বিশ্বাস<br>সহকারী অধ্যাপক<br>এমবিবিএস, ডিজিও, এফসিপিএস (গাইনী ও অবস)<br>সহকারী অধ্যাপক-গাইনী বিভাগ।<br>বিকাল ৪ টা -৮টা পর্যন্ত, শুক্রবার সকাল ৮টা-২টা |
| ডাঃ মোঃ ইয়ানুর হোসেন<br>এমবিবিএস, (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (মেডিসিন), এমডি (কার্ডিওলজি)<br>কনসালটেন্ট মেডিসিন বিভাগ, এডভান্সড ট্রেনিং ইন ইকো-কার্ডিওগ্রাফী (ইন্ডিয়া)<br>বৃহস্পতিবার বিকাল ৩টা -৮টা শুক্রবার সকাল ৮টা-৮টা। | ডাঃ মোঃ আবুল কাশেম<br>এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য), এফসিপিএস (ইএনটি), ডিএলও বিএসএমএমইউ-এক্স-পিজিটি কনসালটেন্ট (ইএনটি), ফেলোশীপ ইন মাইক্রোইয়ার সার্জারী (চেন্নাই, ইন্ডিয়া)। বৃহস্পতিবার বিকাল ৩টা- ৮টা ও শুক্রবার সকাল ৮টা -রাত ৮টা। |
| ডাঃ মোঃ এমরানুল ইসলাম (আবির)<br>সহকারী অধ্যাপক<br>এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য), এফসিপিএস(চক্ষু), ডিএলও (বিএসএমএমইউ)-এক্স-পিজি হাসপাতাল।<br>প্রতি শুক্রবার সকাল ১০ টা থেকে দুপুর ১ টা। | ডাঃ মোঃ রোকনুজ্জামান<br>এমবিবিএস(রাজশাহী), এফসিপিএস-শেষ পর্ব (স্কিন এন্ড ভিডি), সি.সি.ডি.পি (ঢাকা মেডিকেল কলেজ) চর্ম, যৌন, এলার্জি ও যোন বিশেষজ্ঞ। প্রতি বৃহস্পতিবার সকাল ৮টা - ১১টা। |
| ডাঃ মোঃ মাহবুবুল আলম (বিপ্লব)<br>সহকারী অধ্যাপক<br>এমবিবিএস(ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), এমএস (শিশু সার্জারী),সহকারী অধ্যাপক প্রতিদিন বিকাল ৪ টা - ৮টা। শুক্রবার সকাল ৮টা - ৮টা | ডাঃ এম এম কবির শাওন<br>এমবিবিএস, ডি.এল.পি (এ্যাজমা), ডিএমইউ (আল্ট্রাসাউন্ড) এ্যাজমা বিশেষজ্ঞ ও সনোলজিস্ট। প্রতিদিন সকাল ১০ টা -দুপুর ২টা। বিকাল ৪ টা -রাত ৮ টা। |
| ডাঃ মোঃ আরিফুল ইসলাম<br>সহকারী অধ্যাপক<br>এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য), এফসিপিএস সার্জারী) কনসালটেন্ট (সার্জারী), এন্ড ল্যাপারো স্কিক সার্জন। মাসের প্রথম সমবার দুপুর ২টা - ৫টা পর্যন্ত। | ডাঃ মাহবুবা তাজমিলা<br>এমবিবিএস(ঢাকা), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (শিশু), কনসালটেন্ট (শিশু)। প্রতি শনিবার ও মঙ্গলবার দুপুর ২.৩০ টা - বিকাল ৫টা |
| ডাঃ মেহেদী হাসান জনি<br>এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য)<br>এমবিবিএস(ঢাকা), বিসিএস(সা), এমএস (ইউরোলজী) পিজিটি (সার্জারী)<br>প্রতি শুক্রবার সকাল ৯ টা -দুপুর ১ টা। | ডাঃ মোঃ সফিউল আলম<br>এমবিবিএস,<br>এফসিপিএস(সার্জারী) সহকারী অধ্যাপক (জেনারেল সার্জারী), ল্যাপারোস্কপিক। শুক্রবার সকাল ৯ টা থেকে বিকেল ৫টা। |

**আল হায়াত ডায়াগনস্টিক সেন্টার**
চক্রপাড়া মোড়, হাসপাতাল রোড, মেহেরপুর।।
সিরিয়াল: ০১৭২২-৭৭৯৫৫০, ০১৭৫৫-৭০৬৪৬৪

ডাঃ আসাদুল্লাহ-আল-গালবি
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস- মেডিসিন (ফাইনাল পার্ট)
মেডিসিন,ডায়াবেটিস, উচ্চরক্তচাপ, হাপানি, কোমর ব্যথা ও বাত ব্যথা বিষয়ে অভিজ্ঞ মেডিকেল অফিসার : রাজশাহী মেডিকেল কলেজ।
রোগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৪টা

ডাঃএম. এম. জাহিদুল ইসলাম
উচ্চ রক্তচাপ, বাতব্যাথা, কোমর ব্যাথা, বাতজ্বর ,হাড় ব্যাথা, হাঁপানি. ডায়াবেটিক ঘা এবং না শুকানো ক্ষত ও পি আর পি চিকিৎসক।
রোগী দেখেন : শনি থেকে বুধবার দুপুর ২টা থেকে সন্ধ্যা ৬টা

ডাঃ আব্দুল্লাহ আল রশিদ
চর্ম ও যৌন রোগে অভিজ্ঞ
এমবিবিএস (শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম), সিএমইউ (আল্ট্রা) সহকারী রেজিস্টার, চর্ম ও যৌন বিভাগ কুষ্টিয়া মেডিকেল কলেজ।
রোগী দেখেন : প্রতি সোমবার দুপুর ২.৩০ টা থেকে বিকাল ৫ টা

ডাঃ সাজিয়া আফরিন
গাইনী, প্রসুতি, স্ত্রী রোগের চিকিৎসক ও সার্জন
এমবিবিএস (ডিইউ) সিসিডি (বারডেম) ডিএমইউ (সনোলজি) ডিজিও (কোর্স- গাইনী এন্ড অবস্) গাইনী(স্ত্রী রোগ) ও প্রসুতি বিদ্যা চিকিৎসক এবং সার্জন
রোগী দেখেন : প্রতি বৃহস্পতিবার বিকাল ৫ টা থেকে রাত ৮ টা পর্যন্ত, প্রতি শুক্রবার সকাল ১০ টা থেকে রাত ৮ টা পর্যন্ত

**নিউ স্কায়ার ল্যাব**
ওয়াবদা মোড়, হাসপাতাল রোড,মেহেরপুর।
সিরিয়ালের জন্য মোবাইল নম্বর : ০১৮৫৮-৯৫৬৯৩৩

ডাঃ মোঃ মাহাফুজুল হক সরকার
মেডিসিন, নিউরো,বক্ষব্যাধি,ডায়াবেটিস,গ্যাস্টলিভার,ব্যাতব্যাথা ও মনোরোগ চিকিৎসক
এমবিবিএস(আরইউ),ডিএফএম(বিসিএমইউ),এফসিপিএস পার্ট- ১, পিজিটি(মেডিসিন), সিসিডি(বারডেম),
রুগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯ টা হইতে সন্ধ্যা ৬ টা পর্যন্ত

ডাঃ মোঃ রবিউল ইসলাম আবির
মেডিসিন, হৃদরোগ, উচ্চ রক্ত চাপ,ব্যাত ব্যাথা, ডায়াবেটিস,লিভার ও জন্ডিস রোগ চিকিৎসক
এমবিবিএস(ঢাকা) সিসিড বারডেম, সিএমইউ(আল্ট্রা)
রুগী দেখেন :প্রতিদিন সকাল ১০ টা হইতে দুপুর ২টা, বিকাল ৩ ট হতে রাত্রী ৮ টা।

ডাঃ তাসমেরী নাহার
স্ত্রী, প্রসূতি ও গাইনী রোগ চিকিৎসক , এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন : প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।

ডাঃ মোঃ মঞ্জুরুল হাসান
মেডিসিন, বাত ব্যথা, মাথা ব্যাথা, বক্ষব্যাধি, হাত-পা জ্বালাপোড়া, চর্ম ও যৌন রোগের চিকিৎসক
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য), মেডিকেল অফিসার
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।

ডাঃ ফরহাদ পারভেজ
মেডিসিন, বাতজ¦র,উচ্চ রক্তচাপ, ব্যাত ব্যাথা রোগের চিকিৎসক
নি:সন্তান, বন্ধ্যাত্ব,গর্ভকালীন বিভিন্ন সমস্যা, শিশু ও গাইনী রোগের চিকিৎসক
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।

**কিমিয়া ফার্মেসি এন্ড দাওয়াখানা**
হাকীম (ডাঃ) মোঃ মোজাফফর হোসেন (জাফর)
হাকীম (ডাঃ) মিসেস সেলিনা সুলতানা
ঢাকা ইউনানী মেডিকেল কলেজ হতে ইউনানী মেডিসিনের উপর ফার্স্ট ক্লাস ডিগ্রী প্রাপ্ত
রোগী দেখার সময়:
প্রত্যহ সকাল ৮ টা হইতে সন্ধ্যা ৬টা পর্যন্ত।
বাঁশবাড়িয়া পশ্চিমপাড়া,গাংনী, মেহেরপুর
কুষ্টিয়া টু মেহেরপুর রোডে (গাংনী পৌরসভা পিলারের সামনে)মোবাইলঃ ০১৭১২-৫৩১২৫১, ০১৯৪৭৫২৯৭৭৮

**ভাস্কর ডেন্টাল সার্জারী**
টি এন্ডটি রোড,এশিয়ানেট মোড়, বড়বাজার , মেহেরপুর
ডি,এন ভাস্কর (মানস)
(ডেন্টাল টেকনোলজিস্ট)
ডিএমডিটি (ঢাকা) এমএফটি (ডেন্টাল), খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল
রোগী দেখার সময় :
সকাল : ৯টা - দুপুর ২টা, বিকাল : ৫টা - রাত ৯টা
(প্রতিদিন খোলা)
০১৬৭১-৫৮৫২০২, ০১৯২০-৬৯৪৫৩২
অত্যাধুনিক যন্ত্রপাতি জীবাণুমুক্ত পরিবেশসহ দাঁতের চিকিৎসা করা হয়। রুট ক্যানেল , কসমেটিক ফিলিং দাঁত তোলা সহ সকল প্রকার দাঁতের চিকিৎসা করা হয়।

বিশ্বস্ত ও নির্ভরতায়.....সেই ১৯৮৪ সাল থেকে
প্রতিষ্ঠাতাঃ মরহুম বাবর আলী
**মেসার্স আঃ মালেক ষ্টোর এন্ড মিষ্টান্ন ভান্ডার**
ফল, কসমেটিকস, বেবিফুড, ফাস্টফুড, ফ্রোজেনফুড, বেকারী, জন্মদিনের কেক, মুদি মালামাল, কাঁচা সবজি, মিষ্টি ও দই সামগ্রী বিক্রেতা।
পরিচালনায় : মোঃ আব্দুল মালেক
গাংনী বাজার বাসস্ট্যান্ড, গাংনী, মেহেরপুর

**নাজ জুয়েলার্স**
হাইস্কুল রোড, গাংনী বাজার, মেহেরপুর
বিশেষ অফার
২১ কে ও ২২ কে স্বর্ণের গহনাগুলো
গ্যারান্টি সহকারে
অনন্য ডিজাইন
সেরা মানের স্বর্ণ
আজই আসুন ও আপনার স্বপ্নের গহনা নির্বাচন করুন!
নাজ জুয়েলার্স – মান ও সৌন্দর্যের প্রতিশ্রুতি
প্রোপাইটার: হাজি মোঃ জাহিদুল আলম
মোবাইল: ০১৯২৩-৮৬২৮৬৯ | ০১৭১৮-৫৬০৩৬৮

**রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতাল**

| | |
|---|---|
| ডাঃ মোসাঃ নুরুন্নাহার বেগম<br>এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য)<br>গাইনী ও প্রসূতি চিকিৎসক ও সার্জন<br>উপ-পরিচালক (অবঃ)<br>কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল।<br>রোগী দেখার সময়ঃ প্রতি শনিবার সকাল ১১টা থেকে সন্ধ্যা পর্যন্ত | ডাঃ বি.ডি দাস (পিকলু)<br>এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য)<br>সি.এম.ইউ (আল্ট্রাসনো)<br>গাইনী, মহিলা, গর্ভবতী ও সার্জারী রোগের চিকিৎসক<br>রোগী দেখার সময়ঃ প্রতিদিন বেলা ২:৩০ থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত |
| ডাঃনাজনীন সুলতানা কনা<br>এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য), সি.সি.ডি (বারডেম), ডি.এম.ইউ<br>এ্যানেস্থেসিয়াতে বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত<br>ডি জি ও, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল<br>গাইনী ও প্রসূতি বিশেষজ্ঞ<br>রোগী দেখার সময়ঃ প্রতি শনিবার সকাল ১১টা থেকে সন্ধ্যা পর্যন্ত | ডা. মোঃ আব্দুল আল মারুফ<br>এম.বি.বি.এস (রাজশাহী মেডিকেল কলেজ)<br>বি.সি.এস (স্বাস্থ্য), এফ.সি.পি.এস (শিশু) শেষ পর্ব<br>এম.এস (শিশু সার্জারী) কোর্স-বিএসএমএমইউ<br>সিসিডি (ডায়াবেটিস: বারডেম)<br>পি.জি.পি.এন (শিশু পুষ্টি বোসটন ইউনিভার্সিটি আমেরিকা)<br>সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল (শিশু বিভাগ)<br>রোগী দেখার সময়ঃ প্রতি দিন বিকাল ৪.৩০ টা থেকে ৬ টা পর্যন্ত |
| ডাঃ অমিত কুমার বিশ্বাস<br>এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য)<br>ডি-অর্থো স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ (মিটফোর্ড হাসপাতাল)<br>রোগী দেখার সময়ঃ প্রতি বৃহস্পতিবার সকাল ১০টা থেকে বিকাল ৩টা পর্যন্ত | ডাঃ ইসরাত জেরিন<br>এম.বি.বি.এস, পি.জি.টি (গাইনী এন্ড অবস), সি.এম.ইউ (আল্ট্রা)<br>মহিলা ও মেডিসিন রোগের চিকিৎসক<br>আবাসিক মেডিকেল অফিসার<br>রোগী দেখার সময়ঃ প্রতিদিন সকাল ১০টা থেকে সন্ধ্যা পর্যন্ত |
| পুষ্টিবিদঃ তরিকুল ইসলাম<br>বি.পি.এইচ (নিউট্রিশন), এম.পি.এইচ (নিউট্রিশন)<br>সি.এম.ইউ (ডি.ইউ), ডি.এম.ইউ (আল্ট্রা)<br>ডিপ্লোমা ইন মেডিকেল ফ্যাকালটি<br>রেজিঃ নং ডি-৭০৮১ (বি.এম এন্ড ডি.সি)<br>পুষ্টি বিশেষজ্ঞ<br>রোগী দেখার সময়ঃ প্রতিদিন | সিরিয়ালের জন্য যোগাযোগ করুনঃ<br>মোবাইলঃ ০১৭৬৬-৪৮৭৪০৯<br>মোবাইলঃ ০১৭৬৮-৩৭৭১৯১<br>গাংনী হাসপাতাল বাজার, গাংনী, মেহেরপুর। |

**নিউ এভারকেয়ার নাসিং হোম**
চক্রপাড়া মোড়, হুদা হেলথ কেয়ারের ২য় তলা
ওয়াবদা রোড, মেহেরপুর
NEW EVERCARE NURSING HOME
**হট লাইন:** ০১৭৬৩-৬৪৬৬০৩
**ব্যবস্থাপনা পরিচালক:** ০১৭৪৩-৯০৪৩৩৬
**ম্যানেজার (শিমুল):** ০১৩০৪-১৫৬০৮৮৮
**রিসেপশন:** ০১৩০৪-১৫৬০৮৮৮
বিশেষজ্ঞ ডাক্তারবৃন্দ
ডা. সুরাইয়া মারমিন (পুস্প) — এম.বি.বি.এস (ডিএমসি), বি.সি.এস (স্বাস্থ্য) এফ.সি.পি.এস (গাইনী ও অবস), ডি আল্ট্রা প্রসূতি ও নারী রোগ বিশেষজ্ঞ ও সার্জন।
ডা. মোঃ ফজলুর রহমান — এম.বি.বি.এস (স্বাস্থ্য), এম.এস জেনারেল (সার্জারী) , কনসালট্যান্ট (সার্জারী), ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. পারভীন আখতার — জুনিয়ার কনসালট্যান্ট (গাইনী ও অবস) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা ।
ডা. মোঃ সঊদ কবীর — এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), ডি-অর্থ (এফপি) ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. অলোক কুমার দাস — এম.ডি (নোরেল মেডিসিন), রাশিয়া , এম.পি.এইচ (বিডি), বিসিএস (স্বাস্থ্য), এমও বিটি . ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর ।
**আমাদের সেবাসমূহ**
প্রাইভেট ও সাধারণ রোগী সেবা . প্রসূতি ও নারী স্বাস্থ্য ,
সার্জারি ও সাধারণ চিকিৎসা উন্নত ও বন্ধুত্বপূর্ণ পরিবেশ

**নিউ মনা জুয়েলার্স**
অলংকার জগতের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
সাউদিয়া টাওয়ার, কাঁশারী বাজার, মেহেরপুর।
আধুনিক ডিজাইনের স্বর্ণ, রুপা ও হীরার গহনা।
বিশুদ্ধতা ও গুণগত মানে আপসহীন ও অপ্রতিদ্বন্দ্বি
আস্থার সাথে অলংকার কেনা- বেচার নির্ভরযোগ্য ঠিকানা
প্রোপাইটার : হামিদুল ইসলাম
পরিচালনায় : মোস্তাফিজুর রহমান মনা
যোগাযোগ : ০১৭১৬-৫৭০৮৯০, ০১৯১৯-৫৭০৮৯০

**বিসমিল্লাহ্ ফার্মেসী**
প্রোঃ মোঃ আমিনুল ইসলাম সেন্টু
সকল প্রকার দেশ-বিদেশী ঔষধ সুলভ মূল্যে খুচরা ও পাইকারী বিক্রেতা
ট্রাফিক মোড় হোটেলবাজার,মেহেরপুর
মোবাইল : ০১৭১৮-৪৩৩৩৮৬

**ত্রয়ী স্টোর এন্ড বুটিকস**
স্টাইলে থাকুন, ট্র্যাডিশনে ফিরুন!
শাড়ি হোক বা সালোয়ার কামিজ, ওয়েস্টার্ন টপ হোক কিংবা হ্যান্ডলুম কুর্তি–
ত্রয়ী তে পাওয়া যায় ট্র্যাডিশন আর ট্রেন্ডের এক অনন্য মিশেল!
✓ এক্সক্লুসিভ বুটিক পোশাক
✓ হাতে তৈরি দেশি জামাকাপড়
✓ দেশি-বিদেশী কসমেটিকস
✓ কুকারিজ আইটেম
✓ ইউনিক গিফট আইটেম
✓ কাস্টম ডিজাইন ও অর্ডার সুবিধা
ফ্যাশনের সাথে আপনিও বদলান, নিজের মতন স্টাইলে
কেএন সুপার মার্কেট, প্রধান সড়ক, বড়বাজার, মেহেরপুর
মোবাইল: ০১৭১৪-৫২০০৬৭ / ০১৯১৯৬০৩৭৯৫

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, শনিবার, ১৮ অক্টোবর ২০২৫ ইং

## মেহেরপুর শহরের পরিচ্ছন্নতা সংকট: দায় কার?

মেহেরপুর পৌরসভা যেন ক্রমেই ময়লার শহরে পরিণত হচ্ছে। শহরের অলিগলি, সড়ক ও বাজারসংলগ্ন জায়গাতেই এখন ময়লা-আবর্জনার স্তূপ। কোথাও পচা বর্জ্যের দুর্গন্ধ, কোথাও আবার ডাস্টবিনের অভাবে রাস্তায় ময়লা ছড়িয়ে আছে। নাগরিক জীবনের স্বাভাবিক ছন্দ আজ এ অস্বাস্থ্যকর পরিবেশে ভীষণভাবে ব্যাহত। সবচেয়ে উদ্বেগের বিষয় স্কুল ও কলেজপড়ুয়া শিক্ষার্থীরাও এই নোংরা পরিবেশে প্রতিদিন যাতায়াত করছে। কবি নজরুল শিক্ষা মঞ্জিল, শহিদ গফুর সড়ক, কলেজ রোডসহ বহু স্থানে ময়লার ভাগাড় তৈরি হওয়ায় শিক্ষার্থী ও অভিভাবকরা চরম অসন্তোষ প্রকাশ করেছেন। শহরের হোটেল বাজার ও ওয়াপদা সড়কের চিত্রও ভিন্ন নয়। নাগরিকদের অভিযোগ, পৌরসভার একশোর বেশি পরিচ্ছন্নকর্মী থাকলেও তাদের তদারকি নেই। ডাস্টবিনের সংখ্যা অপ্রতুল, আর যা আছে তাও নিয়মিত পরিষ্কার করা হয় না। এমন পরিস্থিতিতে জনগণের ক্ষোভ বাড়ছে, কারণ তারা নিয়মিত পৌরকর পরিশোধ করেও প্রত্যাশিত সেবা পাচ্ছেন না। পৌর প্রশাসকের দাবি পরিচ্ছন্নতা কার্যক্রম তদারকি করা হচ্ছে এবং শিগগিরই পরিচ্ছন্ন অভিযান শুরু হবে। কিন্তু প্রশ্ন হলো, এই 'শিগগিরই' কবে? প্রতিশ্রুতি নয়, এখন প্রয়োজন দৃশ্যমান পদক্ষেপ। নিয়মিত বর্জ্য অপসারণ, ডাস্টবিন স্থাপন ও জনসচেতনতা সৃষ্টি এই তিন দিককে একযোগে মনোযোগ দিতে হবে। একটি শহরের পরিচ্ছন্নতা তার সভ্যতার প্রতিচ্ছবি। মেহেরপুর পৌরসভা যদি দ্রুত ও কার্যকর পদক্ষেপ না নেয়, তাহলে এই শহর শুধু নোংরাই হবে না, নাগরিক স্বাস্থ্য ও মর্যাদাও হবে হুমকির মুখে। এখন সময় কথা নয়, কাজ দেখানোর।

## মেহেরপুরে ফল বিপর্যয়ের নেপথ্যে

(প্রথম পৃষ্টার পর)
স্কুল অ্যান্ড কলেজ ৫১%, গাংনী সরকারি ডিগ্রি কলেজ ৪৯%, গাংনী মহিলা কলেজ ৪৮%, মেহেরপুর পৌর ডিগ্রি কলেজ ৪২%, কাজিপুর কলেজ ৩৬%, করমদি কলেজ ৩৩%, বামুন্দি নিশিপুর স্কুল অ্যান্ড কলেজ ২৫%।

## নলবোনার বিলে শাপলার মেলা

(প্রথম পৃষ্টার পর)
জানায়, "এ বছর অনেক বৃষ্টি হয়েছে। পানিতে এখন প্রচুর শাপলা। বিভিন্ন গ্রাম থেকে মানুষ আসে ফুল তুলতে। আমি একদিন তুলতে গিয়ে আমার গায়ের ওপর দিয়ে একটা সাপ চলে গিয়েছিলড়ভয় পেয়েছিলাম, কিন্তু আবারও এসেছি, কারণ খুব মজা লাগে।"
অন্য এক কিশোর তামিম আহমেদ বলে, "শুনেছিলাম এই বিলে অনেক ফুল ফুটেছে। আমরা তিন-চারজন বন্ধুরা মিলে চলে এসেছি। কোমর পর্যন্ত পানি, কিন্তু আনন্দে সবাই ফুল তুলছে। কেউ কেউ বলে, শাপলার ডাঁটা খাওয়া যায় আমরা তো জানি না। আমাদের কাছে এগুলো খেলাধুলার জিনিস।" মাঠে কাজ করতে আসা কৃষক মো. জাফর আলী বলেন, "নলবোনার বিলে প্রচুর মাছ হয়। এ বছর বৃষ্টিতে মাছও বেড়েছে, সঙ্গে ফুটেছে শাপলা ফুল। অনেকেই মাছ ধরার ফাঁকে ফুল তুলে নিয়ে যায় বাচ্চাদের জন্য। আমি নিজেও মেয়ের জন্য ফুল তুলেছিড়ও খুব খুশি হয়েছে।"
স্থানীয়দের বিশ্বাস, এ বছর বৃষ্টির কারণে প্রকৃতি যেন আপন রূপে ফিরে এসেছে। সবুজ মাঠ, ভরা বিল আর শাপলার রঙে সাজানো প্রান্তর যেন এক অপার শান্তির ছবি এঁকে দিয়েছে মেহেরপুরের গ্রামীণ জীবনে।

## জুলাই সনদে সই করলেন প্রধান

(প্রথম পৃষ্টার পর)
কর্মকর্তারা। প্রধান উপদেষ্টার প্রেস উইং জানায়, প্রতিকূল আবহাওয়ার কারণে অনুষ্ঠান শুরু হতে কিছুটা দেরি হয়। অনুষ্ঠানের শুরুতে বক্তব্য দেন জাতীয় ঐকমত্য কমিশনের সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজ। তিনি বলেন, "আমাদের অনেক স্রোত আছে, কিন্তু মোহনা একটিড় গণতান্ত্রিক বাংলাদেশ গড়া। জুলাই জাতীয় সনদ সেই স্বপ্ন ও প্রত্যাশার প্রথম পদক্ষেপ।" তিনি আরও বলেন, রাজনৈতিক মত ও পথের পার্থক্য থাকা সত্ত্বেও সবাইকে একসঙ্গে এগিয়ে আসতে হবেড় এই সনদ সেই ঐক্যের প্রতীক। তবে স্বাক্ষর অনুষ্ঠানে অংশ নেয়নি জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) ও বাম ধারার চারটি রাজনৈতিক দল। অংশ না নেওয়া দলগুলো হলো বাংলাদেশের কমিউনিস্ট পার্টি (সিপিবি), বাংলাদেশের সমাজতান্ত্রিক দল (বাসদ), বাসদ (মার্ক্সবাদী) এবং বাংলাদেশ জাসদ। এনসিপির মিডিয়া সেলের সম্পাদক মুশফিক উস সালেহীন বলেন, "এনসিপির কেউ অনুষ্ঠানে যাননি। কারণ আগেই আমরা জানিয়েছিড়আইনি ভিত্তির নিশ্চয়তা ছাড়া সনদে স্বাক্ষর দেওয়া সম্ভব নয়।" অন্যদিকে সিপিবির সভাপতি কাজী সাজ্জাদ জহির বলেন, "আমরা গতকালই (বৃহস্পতিবার) জানিয়ে দিয়েছি, সংশোধিত খসড়া না পেলে সনদে সই করব না। সেই অবস্থানই বজায় রেখেছি।"
এর আগে দুপুরের দিকে জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজার সামনে 'জুলাই শহীদ পরিবার ও আহত যোদ্ধা' ব্যানারে কয়েকজন অবস্থান নেন। পুলিশ তাঁদের সরিয়ে দিলে ক্ষুব্ধ হয়ে কিছু ব্যক্তি মানিক মিয়া অ্যাভিনিউয়ে গাড়ি ও বাস ভাঙচুর করেন। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ টিয়ারশেল নিক্ষেপ ও ধাওয়া দেয়। এতে কয়েকজন আহত হন বলে জানা গেছে। রাজনৈতিক বিশ্লেষকদের মতে, জুলাই জাতীয় সনদে স্বাক্ষর বাংলাদেশের অন্তর্বর্তী রাজনৈতিক প্রক্রিয়ার একটি বড় মাইলফলক। এতে গণতান্ত্রিক রূপান্তরের নীতি, নির্বাচনী কাঠামো ও নাগরিক অধিকার সুরক্ষার রূপরেখা নির্ধারণ করা হয়েছে।

## লালন সাঁই-এর ১৩৫তম তিরোধান

(প্রথম পৃষ্টার পর)
হয়। জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম অনুষ্ঠানে সভাপতিত্বকরেন। মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর শিল্পীরা লালনের গান ও সঙ্গীত পরিবেশন করেন। অনুষ্ঠানে মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. নজরুল কবির, অতিরিক্ত জেলা প্রশাসক পার্থ প্রতীম শীল প্রমুখ উপস্থিত ছিলেন।

## প্রবাস ফেরতের আত্মহত্যা

(প্রথম পৃষ্টার পর)
দুই স্ত্রী ও আত্মীয়দের সম্মতি না পেলে বৃহস্পতিবার রাতের কোনো এক সময় আলমগীরের পরিবারের সঙ্গে মনোমালিন্য হয়। এরপরই তিনি আত্মহত্যা করেন। গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বানী ইসরাইল জানান, এ ঘটনায় অপমৃত্যু মামলা হয়েছে এবং প্রাথমিক তদন্ত চলছে।

## ফিজি প্রবাসী মিঠুর লাশ দেশে

(প্রথম পৃষ্টার পর)
থাকায় মিঠুর মরদেহ দেশে আনার বিষয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছে। পরিবার এখন সরকারের সহযোগিতা কামনা করছে।

## জীবননগরের জোড়া হত্যা মামলার

(প্রথম পৃষ্টার পর)
কোম্পানি, মিরপুরের যৌথ অভিযানে বৃহস্পতিবার (১৬ অক্টোবর) রাতে তাদের গ্রেফতার করা হয়। র‍্যাব সূত্রে জানা গেছে, বৃহস্পতিবার রাত সাড়ে দশটার দিকে প্রথম অভিযান চালিয়ে গাবতলী বাস টার্মিনাল এলাকা থেকে শরিফুল ইসলামকে গ্রেফতার করা হয়। পরে রাত দেড়টা থেকে রাত সাড়ে ১১ টার দিকে একই এলাকার গরুর হাট থেকে অপর আসামি জসিম উদ্দিনকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত শরিফুল ইসলাম ও জসিম উদ্দিন দুজনেই চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার উথলী (বড় মসজিদপাড়া) গ্রামের সইদার হোসেনের ছেলে। র‍্যাব জানায়, তারা জীবননগর থানায় দায়ের হওয়া জোড়া হত্যা মামলার এজাহারভুক্ত আসামি। প্রাথমিক জিজ্ঞাসাবাদে তারা স্বীকার করেছে, হত্যাকাণ্ডের পর থেকে তারা ঢাকায় আত্মগোপনে ছিল। র‍্যাব আরও জানায়, গ্রেফতারকৃতদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলছে। উল্লেখ্য, গত ২০ সেপ্টেম্বর সকালে জীবননগর উপজেলার উথলী গ্রামের মাঝেরপাড়ায় মৃত খোদা বক্স মণ্ডলের দুই ছেলে আনোয়ার ও হামজাকে কুপিয়ে ও পিটিয়ে হত্যা করা হয়।

রাব্বি আহমেদ

# আমাদের খাবারে ফরমালিন ও কীটনাশক, বাঁচার পথ কোথায়?



একসময় আমাদের কৃষি ছিল প্রকৃতিনির্ভর, আর খাদ্য ছিল নির্মল ও নিরাপদ। মাঠের ধান, বাগানের ফল, পুকুরের মাছ সবই ছিল স্বাভাবিক পদ্ধতিতে উৎপাদিত। কিন্তু আধুনিকতার নামে এখন কৃষিক্ষেত্র থেকে বাজার পর্যন্ত ছড়িয়ে পড়েছে রাসায়নিকের ছড়াছড়ি। মাছের গায়ে ফরমালিন, ফল পাকাতে কার্বাইড, আর জমিতে অতিমাত্রায় কীটনাশক এই তিনের বিষাক্ত ত্রিভুজ যেন আজ আমাদের খাদ্যজগৎকে ঘিরে ফেলেছে।
ফরমালিন মূলত মৃতদেহ সংরক্ষণের রাসায়নিক পদার্থ। অথচ আমাদের মাছ বিক্রেতারা এটি ব্যবহার করেন পচনরোধে, যাতে মাছটি তাজা দেখায়। কিন্তু এই "তাজা ভাব" আসলে মৃত্যুর বার্তা। চিকিৎসাবিজ্ঞানে প্রমাণিত, দীর্ঘমেয়াদি ফরমালিন গ্রহণে কিডনি ও লিভারের ক্ষতি হয়, এমনকি ক্যান্সার পর্যন্ত হতে পারে। তবুও প্রতিদিন অগণিত মানুষ অজান্তেই ফরমালিন মেশানো খাদ্য খাচ্ছেড় কারণ বিকল্পের অভাব, আর অবহেলা প্রশাসনের। অতিরিক্ত কীটনাশক ব্যবহারে একদিকে জমির উর্বরতা কমছে, অন্যদিকে সেই বিষ জমা হচ্ছে ফসলের শরীরে। কৃষকরা অনেক সময় জানেই না কোন কীটনাশক কতটা ক্ষতিকর। ফলে ফলন বাড়ানোর নামে জমি, পানি ও মানুষের শরীরে জমছে বিষ। শিশুরা আক্রান্ত হচ্ছে জন্মগত রোগে, মায়েরা ভুগছেন শারীরিক দুর্বলতায়ড়একটি সমাজ ধীরে ধীরে রোগে জর্জরিত হচ্ছে। বাংলাদেশে খাদ্য নিরাপত্তা ও ফরমালিন নিয়ন্ত্রণে একাধিক আইন রয়েছে। মাঝে মাঝে অভিযান হয়, খবরের শিরোনাম হয়, তারপর আবার নীরবতা। বাজারে স্থায়ী ল্যাব নেই, নিয়মিত মনিটরিং নেই। কিছু অসাধু ব্যবসায়ী জানেড়ধরা পড়লেও জরিমানা দিয়ে বেরিয়ে আসা যাবে। এই দায় শুধু প্রশাসনের নয়, সমাজেরও। আমরা ভোক্তারা যখন সস্তা জিনিসের পেছনে দৌড়াই, তখন অসাধুতা আরও উৎসাহ পায়। সমাধান অসম্ভব নয়, যদি আমরা চাই। প্রথমত, জৈব কৃষিকে রাষ্ট্রীয়ভাবে উৎসাহ দিতে হবে। কৃষকদের প্রশিক্ষণ ও প্রণোদনা দিতে হবে যাতে তারা রাসায়নিকমুক্ত উৎপাদনে আগ্রহী হন। দ্বিতীয়ত, বাজারে স্থায়ী পরীক্ষাগার স্থাপন ও নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। তৃতীয়ত, জনসচেতনতা গড়ে তুলতে হবেড় স্কুল থেকে শুরু করে মিডিয়া পর্যন্ত খাদ্যনিরাপত্তার পাঠ প্রচলন করা জরুরি। চতুর্থত, ভোক্তা আন্দোলন জোরদার করতে হবে; নাগরিকের ক্রয়ক্ষমতা ও দাবি পরিবর্তনই বাজারকে শোধরাতে পারে। আজ আমরা যে খাবার খাই, তা যদি আমাদের ধ্বংসের কারণ হয়ে দাঁড়ায়, তবে সভ্যতার অগ্রগতি কোনো অর্থ বহন করে না। উন্নয়ন মানে কেবল উঁচু ভবন নয় নিরাপদ খাবার, সুস্থ মানুষ আর টেকসই কৃষিও উন্নয়নের অবিচ্ছেদ্য অংশ। আমাদের খাবারে বিষ ঢুকে গেছে, কিন্তু এখনো সময় ফুরিয়ে যায়নি। রাষ্ট্র যদি আন্তরিক হয়, ব্যবসায়ী যদি সৎ হয়, আর জনগণ যদি সচেতন হয়ড়তবেই আমরা খুঁজে পাব বাঁচার পথ।

# চার ইমামের ইমানি দৃঢ়তা

সৈয়দ নজরুল ইসলাম

ন্যায়বিচার ইসলামের একটি মৌলিক স্তম্ভ। সত্য প্রতিষ্ঠার পথে ভয়ভীতি ও স্বার্থের কাছে নতি স্বীকার করা ইসলামী নীতির পরিপন্থী। এই নীতিকে বাস্তবে রূপ দিয়েছিলেন ইসলামের চার মহান ইমাম। ইমাম আবু হানিফা (রহ.), ইমাম মালেক ইবনে আনাস (রহ.), ইমাম শাফেয়ী (রহ.) এবং ইমাম আহমদ ইবনে হাম্বল (রহ.)। তাঁদের দৃঢ় ঈমান ও ন্যায়পরায়ণতা আজও আমাদের জন্য আলোকবর্তিকা। ইমাম আবু হানিফা (রহ.)-কে খলিফা প্রধান বিচারপতির পদ দিতে চাইলেও তিনি স্পষ্ট জানিয়ে দেন, "আপনার অন্যায়ের পক্ষে আমি রায় দিতে পারব না।" ফলস্বরূপ তাঁকে কারাগারে নিক্ষেপ করা হয় এবং শেষ পর্যন্ত বিষ প্রয়োগে শাহাদত বরণ করেন। ইমাম মালেক (রহ.)-কে বলা হয়েছিল, 'হিল্লা বিয়ে জায়েজ' বলে ফতোয়া দিতে। তিনি অস্বীকার করলে উটের লেজে বেঁধে নির্যাতন চালানো হয়। তবু তিনি সত্য থেকে সরে আসেননি। ইমাম শাফেয়ী (রহ.)-কেও মিথ্যা ফতোয়ার জন্য চাপ দেওয়া হয়। তিনি রাজি না হওয়ায় বাগদাদ থেকে নির্বাসিত হন। পথে বলেছিলেন, "আমি মিসরে যাচ্ছি না, কবরের দিকে যাচ্ছি।" শেষ পর্যন্ত মিসরেই তিনি মৃত্যুবরণ করেন। ইমাম আহমদ ইবনে হাম্বল (রহ.)-কে বলা হয়েছিল, "বলুন, কোরআন সৃষ্টি।" তিনি দৃঢ় কণ্ঠে বলেছিলেন, "কোরআন সৃষ্ট নয়।" এর পরিণতিতে তাঁকে ২৮ মাস কারাবন্দি রেখে নির্যাতন করা হয়, কিন্তু তিনি একবিন্দুও আপস করেননি। এই চার ইমামের জীবন আমাদের শেখায় ন্যায়বিচার প্রতিষ্ঠা শুধু দায়িত্ব নয়, এটি ইমানের পরীক্ষাও। আজও অনেক সমাজে বিচার চলে শাসকের খেয়ালে, অথচ ইসলাম বলে, কিন্তু কোনো নির্দোষ যেন শাস্তি না পায়। পবিত্র কোরআনে আল্লাহ তায়ালা বলেন, "হে ইমানদারগণ, ইনসাফের ওপর দৃঢ়ভাবে কায়েম থাকো এবং খেয়াল-খুশির অনুসরণ করো না।" আরও বলেন, মানুষকে ভয় করো না, আমাকে ভয় করো; যারা আল্লাহর বিধান অনুযায়ী বিচার করে না, তারাই কাফের।" সহিহ বুখারির হাদিসে সতর্কবাণী রয়েছে "যে ব্যক্তি জেনে শুনে অন্যায় রায় দেয়, তার স্থান জাহান্নামে।" চার ইমামের এই ত্যাগ আমাদের মনে করিয়ে দেয়ড়সত্য ও ইনসাফের পথে স্থির থাকা মানেই আখেরাতের মুক্তির পথ।

## মেহেরপুর বিএনপির সাধারণ

(প্রথম পৃষ্টার পর)
তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট বিতরণ করেন। এ সময় তিনি স্থানীয় জনগণের সঙ্গে মতবিনিময় করেন এবং দেশের সার্বিক রাজনৈতিক পরিস্থিতি নিয়ে আলোচনা করেন। কর্মসূচিতে উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সাবেক সদস্য আলমগীর খান ছাতু, সদস্য আবু সালেহ নাসিম, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, সদর উপজেলা বিএনপির সভাপতি অধ্যাপক ফায়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, পৌর বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা শহীদ জিয়া স্মৃতি সংসদের সভাপতি আলিফ আরাফাত খান, জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স, বিএনপি নেতা নাহিদসহ ইউনিয়নের সব ওয়ার্ডের নেতাকর্মী ও সহযোগী সংগঠনের প্রতিনিধিরা।

## জুলাই সনদে যা আছে

(প্রথম পৃষ্টার পর)
প্রতিফলন হিসেবে ধারাবাহিক প্রক্রিয়ার মধ্য দিয়ে প্রণীত ও ঐকমত্যের ভিত্তিতে গৃহীত নতুন রাজনৈতিক সমঝোতার দলিল হিসেবে জুলাই জাতীয় সনদ ২০২৫-এর পরিপূর্ণ বাস্তবায়ন নিশ্চিত করব। ২। যেহেতু জনগণ এই রাষ্ট্রের মালিক, তাদের অভিপ্রায়ই সর্বোচ্চ আইন এবং গণতান্ত্রিক ব্যবস্থায় সাধারণত জনগণের অভিপ্রায় প্রতিফলিত হয় রাজনৈতিক দলের মাধ্যমে সেহেতু রাজনৈতিক দল ও জোটসমূহ সম্মিলিতভাবে গণতন্ত্র প্রতিষ্ঠার দীর্ঘ সংগ্রামের ধারাবাহিকতায় আলাপ-আলোচনার ভিত্তিতে জনগণের অভিপ্রায়ের সুস্পষ্ট অভিব্যক্তি হিসেবে জুলাই জাতীয় সনদ-২০২৫ গ্রহণ করেছি বিধায় এ সনদ পূর্ণাঙ্গভাবে সংবিধানে তফসিল হিসেবে বা যথোপযুক্তভাবে সংযুক্ত করব। ৩। জুলাই জাতীয় সনদ-২০২৫ এর বৈধতা ও প্রয়োজনীয়তা সম্পর্কে কোনো আদালতে প্রশ্ন উত্থাপন করব না, উপরন্তু উক্ত সনদ বাস্তবায়নের প্রতিটি ধাপে আইনি ও সাংবিধানিক সুরক্ষা নিশ্চিত করব। ৪। গণতন্ত্র, মানবাধিকার ও আইনের শাসন প্রতিষ্ঠার জন্য জনগণের দীর্ঘ ১৬ বছরের নিরবচ্ছিন্ন সংগ্রাম এবং বিশেষত ২০২৪ সালের অভূতপূর্ব গণঅভ্যুত্থানের ঐতিহাসিক তাৎপর্যকে সাংবিধানিক তথা রাষ্ট্রীয় স্বীকৃতি প্রদান করব। ৫। গণঅভ্যুত্থানপূর্ব ১৬ বছরের ফ্যাসিবাদ বিরোধী গণতান্ত্রিক সংগ্রামে গুম, খুন ও নির্যাতনের শিকার হওয়া ব্যক্তিদের এবং ২০২৪ সালের জুলাই-আগস্টের গণঅভ্যুত্থানকালে সংঘটিত সব হত্যাকাণ্ডের বিচার, শহীদদের রাষ্ট্রীয় মর্যাদা প্রদান ও শহীদ পরিবারগুলোকে যথোপযুক্ত সহায়তা প্রদান এবং আহতদের সুচিকিৎসা ও পুনর্বাসনের ব্যবস্থা নিশ্চিত করব। ৬। জুলাই জাতীয় সনদ ২০২৫-এ বাংলাদেশের সামগ্রিক রাষ্ট্র ব্যবস্থা তথা সংবিধান, নির্বাচন ব্যবস্থা, বিচার ব্যবস্থা, জনপ্রশাসন, পুলিশি ব্যবস্থা ও দুর্নীতি দমন ব্যবস্থা সংস্কারের বিষয়ে যেসব সিদ্ধান্ত লিপিবদ্ধ রয়েছে সেগুলো বাস্তবায়নের জন্য সংবিধান এবং বিদ্যমান আইনগুলোর প্রয়োজনীয় সংশোধন, সংযোজন, পরিমার্জন বা নতুন আইন প্রণয়ন, প্রয়োজনীয় বিধি প্রণয়ন বা বিদ্যমান বিধি ও প্রবিধির পরিবর্তন বা সংশোধন করব। ৭। জুলাই জাতীয় সনদ-২০২৫ এর ঐকমত্যের ভিত্তিতে গৃহীত যেসব সিদ্ধান্ত অবিলম্বে বাস্তবায়নযোগ্য সেগুলো কোনো ধরনের কালক্ষেপণ না করেই দ্রুততম সময়ে অন্তর্বর্তী সরকার ও অন্যান্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সম্পূর্ণরূপে বাস্তবায়ন করবে।

## মুজিবনগরে আমিরুল ইসলামের

মহাজনপুর ইউনিয়ন বিএনপির সভাপতি আশরাফুল হক কালু ও সাধারণ সম্পাদক সোনা গাইন, বাগোয়ান ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম ও সাধারণ সম্পাদক ইসলাম আলী, মোনাখালী ইউনিয়ন বিএনপির সভাপতি রায়হান কবীর, জেলা যুবদলের দপ্তর সম্পাদক হাবিবুর রহমান ভিকু, উপজেলা যুবদলের সদস্য সচিব আনারুল ইসলাম, দারিয়াপুর ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক নাহিদুল ইসলাম, যুবদল নেতা ওমর ফারুক, উপজেলা ছাত্রদল নেতা শাওন, তুষার, শাহিন, মাকসুদুলসহ বিএনপি, যুবদল ও ছাত্রদলের বিভিন্ন স্তরের নেতাকর্মীরা। গণসংযোগ শেষে নেতাকর্মীরা ধানের শীষের পক্ষে স্লোগান দিতে দিতে রাস্তায় মিছিল করেন। এতে পুরো এলাকায় এক উৎসবমুখর পরিবেশ সৃষ্টি হয়।

## আলী রীয়াজ

(প্রথম পৃষ্টার পর)
দীর্ঘদিনের স্বপ্ন ও আকাঙ্ক্ষাকে ধারণ করে বৈষম্যহীন রাষ্ট্র গঠনের লক্ষ্যেই এই সনদ প্রণীত হয়েছে। রাজনৈতিক দলগুলো প্রায় এক বছর ধরে পারস্পরিক আলোচনা ও সংলাপের মধ্য দিয়ে এই জাতীয় সনদে উপনীত হয়েছে বলে জানান তিনি। অধ্যাপক রীয়াজের ভাষায়, 'এই সনদ শুধু রাজনৈতিক দলগুলোর মধ্যে একটি চুক্তি নয়; এটি নাগরিকদের সঙ্গে রাজনৈতিক দলগুলোর এবং রাষ্ট্রের মধ্যে এক ধরনের সামাজিক চুক্তি। এই সামাজিক চুক্তিতে বাংলাদেশের মানুষের সংগ্রাম, কষ্ট ও প্রচেষ্টার প্রতিফলন রয়েছে। জুলাই-আগস্টের গণঅভ্যুত্থানে যারা প্রাণ দিয়েছেন, আহত হয়েছেন, কিংবা আজও কষ্টকর জীবনযাপন করছেনড়তাদের ত্যাগের মধ্য দিয়েই এই সনদ তৈরি হয়েছে।' তিনি বলেন, বিগত ১৬ বছর ধরে দেশে একটি ফ্যাসিবাদী শাসনব্যবস্থা প্রতিষ্ঠিত হয়েছিল। সেই শাসনের বিরুদ্ধে বাংলাদেশের নাগরিকরা যে সাহসিকতা ও দৃঢ়তা দেখিয়েছেন, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন থেকে যে একদফা আন্দোলনের জন্ম হয়েছিলড়তা শেষ পর্যন্ত ফ্যাসিবাদী শাসককে পলায়নে বাধ্য করেছে। আলী রীয়াজ আরও যোগ করেন, 'এই জাতীয় সনদ সেই ঐতিহাসিক অর্জনের এক স্মারক। তবে এখানেই এর সমাপ্তি নয়। রাষ্ট্র সংস্কারের যে প্রয়াস শুরু হয়েছে, তা একদিনে সফল হবে না। এই জাতীয় দলিলের বাস্তবায়ন দ্রুত ঘটবে, এবং নাগরিকদের মতামতের মধ্য দিয়েই বাংলাদেশ রাষ্ট্রের ভবিষ্যৎ দিকনির্দেশনা নির্ধারিত হবে।'

## 'জুলাই যোদ্ধাদের' সঙ্গে পুলিশের

(প্রথম পৃষ্টার পর)
লাঠিচার্জ করে। শুক্রবার বেলা সোয়া ১টার দিকে এই ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শীরা জানান, পুলিশ যখন আন্দোলনকারীদের সরিয়ে দিতে এগিয়ে যায়, তখন তারা ইটপাটকেল ছুড়ে প্রতিরোধ গড়ে তোলে। উত্তেজনা ছড়িয়ে পড়লে পুলিশ টিয়ারশেল ছোড়ে এবং কয়েক দফা ধাওয়াপাল্টা ধাওয়া চলে। পুলিশ সূত্রে জানা গেছে, পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে প্রথমে টিয়ারশেল ও পরে সাউন্ড গ্রেনেড ব্যবহার করা হয়। এতে আন্দোলনকারীরা কিছুটা পিছু হটে গেলেও দূর থেকে আবারও পুলিশকে লক্ষ্য করে ইটপাটকেল নিক্ষেপ করে। এ সময় সংসদ ভবনের দক্ষিণ গেটের সামনে স্থাপিত তাবু ও আশপাশের কয়েকটি স্থানে আগুন ধরিয়ে দেয় আন্দোলনকারীরা। দুপুর ২টা ১০ মিনিটের দিকে পরিস্থিতি কিছুটা স্বাভাবিক হয়। তখন সংসদ ভবন এলাকা পুরোপুরি পুলিশের নিয়ন্ত্রণে আসে এবং সাময়িকভাবে বন্ধ থাকা যান চলাচল পুনরায় শুরু হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে নেওয়ার পর আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা 'জুলাই সনদ' স্বাক্ষর অনুষ্ঠানের মঞ্চ ও আশপাশের এলাকায় তল্লাশি অভিযান চালায়। পাশাপাশি, সংসদ ভবনের পাশের খামারবাড়ি সড়কও পুলিশ নিয়ন্ত্রণে নেয় এবং সেখানেও কয়েকটি টিয়ারশেল নিক্ষেপ করে আন্দোলনকারীদের ছত্রভঙ্গ করা হয়। এর আগে, শুক্রবার সকাল ১০টার দিকে বিভিন্ন দাবিতে 'জুলাই শহীদ পরিবার ও আহতরা' সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় 'জুলাই সনদ' স্বাক্ষর অনুষ্ঠানের মঞ্চে অবস্থান নেন। পরে পুলিশ তাদের সরে যেতে বললে পরিস্থিতির অবনতি ঘটে। পুলিশ ও আন্দোলনকারীদের সংঘর্ষে কেউ হতাহত হয়েছেন কি না, তা তাৎক্ষণিকভাবে জানা যায়নি। তবে, বিকেল নাগাদ এলাকাজুড়ে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে এবং পুরো সংসদ ভবন চত্বরজুড়ে টানটান উত্তেজনা বিরাজ করছে।

## ক্যারিবীয় সাগরে ফের 'মাদকবাহী নৌকা' লক্ষ্য করে মার্কিন হামলা

সূর্যোদয় প্রতিবেদন

ক্যারিবীয় সাগরে কথিত মাদকবাহী আরেকটি নৌযানে বিমান হামলা চালিয়েছে যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনী। বৃহস্পতিবার (৬ অক্টোবর) এক মার্কিন কর্মকর্তা নাম প্রকাশ না করার শর্তে এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, হামলার ঘটনায় এবার প্রথমবারের মতো কয়েকজন ক্রু সদস্য জীবিত উদ্ধার হয়েছেন। তবে হতাহত বা আটক ব্যক্তিদের পরিচয় ও সংখ্যাসহ বিস্তারিত তথ্য প্রকাশ করা হয়নি। পেন্টাগন কিংবা প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পও এখনো পর্যন্ত হামলা সম্পর্কে প্রকাশ্যে কোনো মন্তব্য করেননি। এদিকে, এই অভিযানগুলোর তদারকিতে থাকা নৌবাহিনীর এক জ্যেষ্ঠ কর্মকর্তাড় একজন অ্যাডমিরাল হঠাৎ করেই পদত্যাগের ঘোষণা দিয়েছেন। তবে তার পদত্যাগের কারণ আনুষ্ঠানিকভাবে জানানো হয়নি। গত সেপ্টেম্বরের শুরু থেকে এ নিয়ে ক্যারিবীয় অঞ্চলে যুক্তরাষ্ট্র মোট পাঁচটি নৌযানে হামলা চালিয়েছে। এসব অভিযানে এখন পর্যন্ত অন্তত ২৭ জন নিহত হয়েছেন বলে বিভিন্ন সূত্রে জানা গেছে। মানবাধিকার সংস্থা ও আইন বিশেষজ্ঞরা বলছেন, এসব অভিযান কার্যত বিচারবহির্ভূত হত্যাকাণ্ড, যা আন্তর্জাতিক আইন ও মার্কিন সংবিধানের পরিপন্থি। যুক্তরাষ্ট্রের কংগ্রেসের ডেমোক্র্যাট সদস্যরাও এসব হামলার তীব্র সমালোচনা করেছেন। অন্যদিকে, ট্রাম্প প্রশাসন এসব অভিযানের পক্ষে অবস্থান নিয়ে বলছে, যুক্তরাষ্ট্র বর্তমানে "নারকো-টেররিস্ট" বা মাদক-সন্ত্রাসী গোষ্ঠীগুলোর বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত। প্রশাসনের দাবি অনুযায়ী, এসব মাদক চোরাচালানকারীকে "অবৈধ যোদ্ধা" হিসেবে গণ্য করা হয়, ফলে তাদের বিরুদ্ধে সামরিক শক্তি প্রয়োগ আইনসঙ্গত। হামলাগুলোর বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছে ভেনেজুয়েলা। দেশটির জাতিসংঘে নিযুক্ত রাষ্ট্রদূত স্যামুয়েল মনকাদা বৃহস্পতিবার নিরাপত্তা পরিষদে আহ্বান জানিয়েছেন, "এই পর্যায়ক্রমিক হত্যাকাণ্ডের স্বাধীন আন্তর্জাতিক তদন্ত" অবিলম্বে শুরু করতে।

## মরদেহে ভয়াবহ নির্যাতনের চিহ্ন: আন্তর্জাতিক তদন্তের দাবি হামাসের

সূর্যোদয় প্রতিবেদন

গাজায় ইসরায়েলি বাহিনীর হাতে নিহত ফিলিস্তিনিদের মরদেহে ভয়াবহ নির্যাতনের চিহ্ন পাওয়ার ঘটনায় আন্তর্জাতিক তদন্তের আহ্বান জানিয়েছে ফিলিস্তিনি প্রতিরোধ আন্দোলন হামাস। সংগঠনটি জাতিসংঘ, জাতিসংঘ মানবাধিকার কাউন্সিল এবং বিভিন্ন আন্তর্জাতিক মানবাধিকার সংস্থার কাছে অবিলম্বে নিরপেক্ষ তদন্ত শুরু করার দাবি জানিয়েছে। বৃহস্পতিবার (১৬ অক্টোবর) প্রকাশিত এক বিবৃতিতে হামাস জানায়, ইসরায়েলি বাহিনীর কাছ থেকে ফেরত পাওয়া ফিলিস্তিনিদের মরদেহে স্পষ্টভাবে অঙ্গহানি, পোড়ানো, হাতকড়া পরানো এবং কাছ থেকে গুলি করে হত্যার চিহ্ন পাওয়া গেছে। সংগঠনটির দাবি, এসব নির্মমতা ইসরায়েলি সেনাদের 'অপরাধী চরিত্র' এবং 'নৈতিক ও মানবিক পতন'কে প্রকাশ করে। বিবৃতিতে আরও বলা হয়, "ইসরায়েলি সেনাদের হাতে ফেরত পাওয়া শহিদদের মরদেহে নির্যাতনের ভয়াবহ চিহ্ন তাদের যুদ্ধাপরাধের অকাট্য প্রমাণ। পয়েন্ট ব্ল্যাংক রেঞ্জ থেকে গুলি, দগ্ধ শরীর ও বিকৃত অঙ্গ দেখে স্পষ্ট বোঝা যায়, হত্যার আগে বন্দিদের ওপর নৃশংস নির্যাতন চালানো হয়েছে।"
গাজার স্বাস্থ্য মন্ত্রণালয়ের মহাপরিচালক ড. মুনির আল-বারশ বলেন, হস্তান্তর করা অনেক মরদেহে মারধর, দগ্ধ হওয়ার দাগ, হাতকড়া ও চোখ বাঁধার চিহ্ন দেখা গেছে। তিনি বলেন, "এইসব দাগ স্পষ্ট ইঙ্গিত দেয় যে, নিহতদের বন্দি অবস্থায় নির্যাতনের পর হত্যা করা হয়েছে।"
সম্প্রতি যুদ্ধবিরতির অংশ হিসেবে ইসরায়েল ১২০ জন ফিলিস্তিনির মরদেহ গাজার কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করেছে। তবে অধিকাংশ মরদেহই পরিচয়বিহীন অবস্থায় ফেরত এসেছে। এতে করে চিকিৎসাকর্মীরা ম্যানুয়াল পদ্ধতিতে মরদেহ শনাক্তে কাজ করছেন। পরিবারগুলোর সহায়তায় গাজার স্বাস্থ্য মন্ত্রণালয় একটি অনলাইন পোর্টাল চালু করেছে। সেখানে মর্যাদা রক্ষা করে মরদেহগুলোর ছবি সতর্কতার সঙ্গে প্রকাশ করা হচ্ছে, যাতে স্বজনরা শনাক্ত করতে পারেন তাদের প্রিয়জনকে। মানবাধিকার সংস্থাগুলো এখনও আনুষ্ঠানিক প্রতিক্রিয়া জানায়নি। তবে আন্তর্জাতিক পর্যবেক্ষকরা বলছেন, এ ধরনের অভিযোগ প্রমাণিত হলে তা আন্তর্জাতিক মানবাধিকার আইন ও যুদ্ধবিধির গুরুতর লঙ্ঘন হিসেবে গণ্য হবে।

## বেঙ্গালুরুতে ক্যাম্পাসে সহপাঠীর বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ গ্রেফতার ছাত্র

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের দক্ষিণ বেঙ্গালুরুর একটি বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজের ক্যাম্পাসের ভেতরে সহপাঠীকে ধর্ষণের অভিযোগে ২১ বছর বয়সী এক ছাত্রকে গ্রেফতার করেছে পুলিশ। অভিযুক্তের নাম জীবন গৌড়া। তিনি ওই প্রতিষ্ঠানের ষষ্ঠ সেমিস্টারের শিক্ষার্থী। বুধবার (১৫ অক্টোবর) তাকে পুলিশ হেফাজতে নেওয়া হয় এবং পরে আদালতের মাধ্যমে বিচার বিভাগীয় হেফাজতে পাঠানো হয়েছে। পুলিশ সূত্রে জানা যায়, গত ১০ অক্টোবর কলেজ ক্যাম্পাসেই এই ঘটনাটি ঘটে। ভুক্তভোগী, যিনি সপ্তম সেমিস্টারের শিক্ষার্থী, পাঁচ দিন পর ১৫ অক্টোবর হানুমন্তনগর থানায় অভিযোগ দায়ের করেন। এফআইআর অনুযায়ী, মামলাটি ভারতীয় ন্যায় সংহিতা- এর ধারা ৬৪ অনুযায়ী (ধর্ষণের শাস্তি) নথিভুক্ত করা হয়েছে। ভুক্তভোগীর অভিযোগে বলা হয়েছে, ঘটনার দিন দুপুরের খাবারের বিরতির সময় গৌড়া বারবার ফোন করে তাকে সপ্তম তলার আর্কিটেকচার ব্লকের কাছে দেখা করতে বলেন। সেখানে পৌঁছালে গৌড়া তাকে জোর করে চুমু খাওয়ার চেষ্টা করেন। ভুক্তভোগী সেখান থেকে পালানোর চেষ্টা করলে গৌড়া তাকে অনুসরণ করে ষষ্ঠ তলায় নিয়ে যান এবং জোরপূর্বক পুরুষদের শৌচাগারে টেনে নিয়ে গিয়ে যৌন নির্যাতন চালান। অভিযোগে আরও উল্লেখ করা হয়েছে, হামলার সময় ভুক্তভোগীর ফোন বেজে উঠলে গৌড়া শৌচাগারের দরজা বন্ধ করে তার ফোন কেড়ে নেন। ঘটনার পর তিনি তার দুই বন্ধুকে বিষয়টি জানান। পরদিন গৌড়া তাকে ফোন করে জিজ্ঞেস করেন, "তোমার কি পিল লাগবে?" পুলিশ জানিয়েছে, মানসিক আঘাত ও ভয় থেকে প্রথমে অভিযোগ করতে দ্বিধা করছিলেন ওই ছাত্রী। পরে বাবা-মাকে জানালে তারা থানায় নিয়ে গিয়ে অভিযোগ দায়ের করেন। পরদিন ঘটনাস্থলে পুলিশ অপরাধের দৃশ্য পুনর্গঠন করে। তদন্ত কর্মকর্তারা জানিয়েছেন, যেখানে ঘটনাটি ঘটেছে, সেই তলায় কোনো সিসিটিভি ক্যামেরা ছিল না, যা প্রমাণ সংগ্রহে জটিলতা তৈরি করছে। তবে ফরেনসিক ও ডিজিটাল প্রমাণ সংগ্রহের কাজ চলছে। ঘটনাটি কর্ণাটকে তীব্র রাজনৈতিক প্রতিক্রিয়া সৃষ্টি করেছে। রাজ্যের বিরোধী দল বিজেপি অভিযোগ তুলেছে যে, কংগ্রেস সরকারের আমলে আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভয়াবহভাবে অবনতি ঘটেছে। কর্ণাটক বিধানসভার বিরোধীদলীয় নেতা আর. অশোকা এক বিবৃতিতে বলেছেন, "মাত্র চার মাসে রাজ্যে ৯৭৯টি যৌন নির্যাতনের ঘটনা ঘটেছে। শুধু বেঙ্গালুরুতেই ১১৪টিরও বেশি মামলা নথিভুক্ত হয়েছে। রাজ্য সরকারের অপরাধমূলক নিষ্ক্রিয়তার কারণে নারী ও শিশুরা ভয়ের মধ্যে দিন কাটাচ্ছে।" তিনি আরও জানান, জাতীয় মহিলা কমিশনের কাছে একটি ফ্যাক্ট-ফাইন্ডিং দল কর্ণাটকে পাঠানোর জন্য তিনি জরুরি চিঠি লিখেছেন।

## কাবুলে ইরান-তালেবান কর্মকর্তাদের নিরাপত্তা আলোচনা

সূর্যোদয় প্রতিবেদন

ইরান ও তালেবান কর্মকর্তারা দুই প্রতিবেশী দেশের মধ্যে নিরাপত্তা সহযোগিতা এবং যৌথ সীমান্তে স্থিতিশীলতা নিশ্চিত করার উপায় নিয়ে বৈঠক করেছেন। কাবুলে অনুষ্ঠিত এই বৈঠকে অংশ নেন আফগানিস্তানে নিযুক্ত ইরানের রাষ্ট্রদূত আলিরেজা বিকদেলি, ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের দক্ষিণ এশিয়া বিষয়ক মহাপরিচালক মোহাম্মদ রেজা বাহরামি এবং তালেবানের স্বরাষ্ট্রমন্ত্রী সিরাজুদ্দিন হাক্কানি। শুক্রবার (১৭ অক্টোবর) মেহর নিউজের প্রতিবেদনে জানানো হয়, আলোচনায় মূলত দুই দেশের মধ্যে নিরাপত্তা সহযোগিতা এবং সীমান্ত সংক্রান্ত বিষয়গুলো গুরুত্ব পায়। উভয় পক্ষ মাদক পাচার রোধে যৌথ প্রচেষ্টা এবং সীমান্তে সমন্বয় জোরদার করার বিষয়ে বিস্তারিত পরামর্শ বিনিময় করেন। ইরানি প্রতিনিধি দল যৌথ সীমান্তে স্থিতিশীলতা বজায় রাখার গুরুত্বের ওপর জোর দিয়ে, পারস্পরিক বোঝাপড়া ও সহযোগিতার মাধ্যমে সমস্যা সমাধানে অব্যাহত সংলাপ চালিয়ে যাওয়ার আহ্বান জানায়। অন্যদিকে স্বরাষ্ট্রমন্ত্রী হাক্কানি বলেন, "তালেবান আঞ্চলিক সহযোগিতাকে গুরুত্ব দেয় এবং পারস্পরিক শ্রদ্ধার ভিত্তিতে বিশেষ করে প্রতিবেশী দেশগুলোর সঙ্গে সুসম্পর্ক বজায় রাখতে চায়।